নুশিন ইলেকট্রনিক্স

প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
বৃহস্পতিবার
রেজিঃ নং-চ-৫১৩
৫ নভেম্বর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৯৩
২০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ জমাঃ আউয়াল ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

চাঁদপুরে আলুর বাজারে ধস বিপাকে কৃষক ও ব্যবসায়ীরা



স্টাফ রিপোর্টার

আলু উৎপাদনে অন্যতম সম্ভাবনাময় এলাকা হিসেবে পরিচিত চাঁদপুরের কচুয়া উপজেলা। এ উপজেলার মাটি ও আবহাওয়া আলু চাষের জন্য বেশ উপযোগী হওয়ায় প্রতিবছরই ব্যাপক পরিমাণ জমিতে আলুর আবাদ করেন কৃষকরা। গত কয়েক বছর আলুর ভালো ফলন ও বাজারে সন্তোষজনক দাম পাওয়ায় এবারও অধিক লাভের আশায় উপজেলার তিনটি হিমাগারে বিপুল পরিমাণ আলু সংরক্ষণ করেন কৃষক ও ব্যবসায়ীরা। কিন্তু মৌসুমের শেষ পর্যায়ে এসে আলুর বাজারে বড় ধরনের দরপতন এবং ক্রেতার অভাবে চরম বিপাকে পড়েছেন তারা। হিমাগারে সংরক্ষিত আলু বিক্রি করতে না পেরে পুঁজি হারানোর আশঙ্কায় দিন কাটছে কৃষক ও ব্যবসায়ীদের।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, চলতি মৌসুমে কচুয়ার গুলবাহার এলাকায় অবস্থিত দুটি হিমাগারে মোট ১ লাখ ৫৯ হাজার ৪৩৩ বস্তা আলু সংরক্ষণ করা হয়। এর মধ্যে কৃষকরা ৯৯ হাজার ৭৩৮ বস্তা আলু হিমাগার থেকে বের করে নিলেও এখনো প্রায় ৫৯ হাজার ৬৯৫ বস্তা আলু অবিক্রীত অবস্থায় পড়ে রয়েছে। অপরদিকে বাতাপুকুরিয়া মনার্ক কোল্ড স্টোরেজ লিমিটেডে চলতি মৌসুমে ২ লাখ ৭৯ হাজার বস্তা আলু সংরক্ষণ করা হয়। বর্তমানে ওই হিমাগারেও প্রায় ১ লাখ ১০ হাজার বস্তা আলু অবিক্রীত অবস্থায় সংরক্ষিত রয়েছে। সব মিলিয়ে উপজেলার তিনটি হিমাগারে এখনো প্রায় ১ লাখ ৬৯ হাজার ৬৯৫ বস্তা আলু পড়ে রয়েছে। একদিকে ● ২-এর পাতায় দেখুন

নিত্যপণ্যের উর্ধ্বগতির এই সময়ে স্বল্প বেতনে শ্রমিকদের জীবনযাপন অসম্ভব- জামায়াত আমীর

দিগন্ত ডেস্ক

দ্রব্যমূল্যের লাগামহীন উর্ধ্বগতির এই কঠিন সময়ে স্বল্প বেতনে পোশাক শ্রমিকদের পক্ষে বেঁচে থাকা অসম্ভব হয়ে পড়েছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও সংসদীয় বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। সংকট নিরসনে উভয় পক্ষের সঙ্গে আলোচনা করে জরুরি ভিত্তিতে শ্রমিকদের বেতন কাঠামো পুনর্বিন্যাস করতে সরকারের প্রতি জোর দাবি জানিয়েছেন তিনি।

বুধবার দলের অফিশিয়াল প্ল্যাটফর্মে প্রচারিত এক ভিডিও বার্তায় পোশাক শিল্পে চলমান শ্রমিক আন্দোলন ও সার্বিক পরিস্থিতি নিয়ে কথা বলতে গিয়ে তিনি এসব কথা বলেন।

ভিডিও বার্তায় জামায়াত আমির বলেন, বেশ কয়েক দিন ধরে দেশের বিভিন্ন শিল্পাঞ্চল এলাকায় পোশাক শ্রমিকরা বেতন বৃদ্ধিসহ নানা দাবিতে আন্দোলন করছেন। ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জের কাঠালিতে বেড়েছে চোরের উপদ্রব, ধারাবাহিক চুরি

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জের হাটিলা পশ্চিম ইউনিয়নের কাঠালিতে অবস্থিত শামসুল হক একাডেমি'সহ কয়েকটি দোকানে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটছে। গত কয়েক মাস ধরে সেখানে লাগাতার চুরি হলেও ধরা পড়ছেনা চোর। চোরের দল শামসুল হক একাডেমি স্কুলের প্রায় ৫০ থেকে ৬০ হাজার টাকা মূল্যের বিদ্যুতের তার ছিঁড়ে নিয়ে যায়।

এ ছাড়াও পার্শ্ববর্তী হাবিবুর রহমানের স-মিলে রাতের অন্ধকারে কয়েকবার তার কেটে নিয়ে যায়। যার মূল্য প্রায় ৮০ হাজার টাকা। চোরে দাল কাঠালি বাজারে রোকনুজ্জমানের স্টেশনারী দোকানের তালা ভেঙ্গে প্রায় ৩০ থেকে ৪০ হাজার টাকার মালামাল নিয়ে যায়।

কাঠালি শামসুল হক একাডেমির অধ্যক্ষ মো. আকতার হোসেন জানান, কয়েকবার আমাদের বিদ্যালয়ে চুরি হয়েছে। শনিবার রাতের অন্ধকারে আমার শিক্ষপ্রতিষ্ঠানের সবগুলো তার কেটে নিয়ে যায় চোরের দল। যার মূল্য প্রায় ৫০ থেকে ৬০ হাজার টাকা হবে।

কাঠালি বাজারে স-মিলের মালিক হাবিবুর রহমান জানান, আমার স-মিলেও কয়েকবার চুরি হয়েছে। প্রায় লাখ টাকার তার চুরি হয়েছে। গত রবিবার রাতে প্রায় ৮০ টাকার তার কেটে নিয়ে যায়।

পাশের স্টেশনারী দোকানের রোকনুজ্জামান তার স্টেশনারী দোকানের তালা ভেঙ্গে প্রায় ৩০ থেকে ৪০ হাজার টাকার স্টেশনারী মালামাল চুরি করে নিয়ে গেছে।

কাঠালি শামসুল হক একাডেমির অধ্যক্ষ মো. আকতার হোসেন বলেন, আগে রাতে প্রায় এখানে পুলিশের গাড়ী দেখাযেতো গত ● ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে পানিতে ডুবে শিশুর মৃত্যু

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে হুজাইফা নামে এক শিশু পানিতে ডুবে মারা গেছে।

নিহত হুজাইফা উপজেলার সেন্দ্রা গ্রামের ফজলে রব্বির একমাত্র ছেলে। তার অকাল মৃত্যুতে পরিবার ও স্বজনদের মাঝে শোকের ছায়া নেমে এসেছে।

পারিবারিক সূত্রে জানা যায়, বুধবার সকালে ঘুম থেকে উঠে বাড়ির উঠানে অন্য শিশুদের সঙ্গে খেলাধুলা করছিল হুজাইফা। একপর্যায়ে পরিবারের সদস্যদের অগোচরে সে নিখোঁজ হয়। পরে পরিবারের লোকজন ও বাড়ির সদস্যরা তাকে খুঁজতে শুরু করেন।

খোঁজাখুঁজির একপর্যায়ে বাড়ির পুকুরের পানিতে শিশুটিকে ভাসতে দেখা যায়। পরে তাকে উদ্ধার করে ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে আলিম পরীক্ষার ফলাফল মূল্যায়নে পর্যালোচনা সভায় সভাপতির বক্তব্য রাখছেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

চাঁদপুরে আলিম পরীক্ষার ফলাফল মূল্যায়নে পর্যালোচনা সভা অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে ২০২৬ সালের আলিম পরীক্ষার ফলাফল মূল্যায়ন এবং আগামী শিক্ষাবর্ষে আরও ভালো ফলাফল অর্জনের লক্ষ্যে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৩ নভেম্বর) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমানের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় ২০২৬ সালের আলিম পরীক্ষার ফলাফলের বিস্তারিত উপাত্ত উপস্থাপন ও পর্যালোচনা করা হয়। এতে দেখা যায়, এ বছর চাঁদপুর জেলার হাজীগঞ্জ উপজেলার নেছারাবাদ ছালেহিয়া ফাযিল মাদ্রাসা, সাদ্রা হামিদিয়া ফাযিল মাদ্রাসা ও বাকিলা ফাযিল মাদ্রাসা শতভাগ পাসের গৌরব অর্জন করেছে।

সভাপতির বক্তব্যে জেলা প্রশাসক চাঁদপুরের মাদ্রাসাগুলোর শিক্ষার মান আরও উন্নত করার ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে শিক্ষকদের কোচিং বাণিজ্যের সঙ্গে সম্পৃক্ততা বন্ধে কঠোর নির্দেশনা প্রদান করেন।

সভায় উপস্থিত শিক্ষকরা শিক্ষার মানোন্নয়নে বিভিন্ন মতামত ও প্রস্তাবনা তুলে ধরেন। এর মধ্যে শ্রেণিকক্ষে ● ২-এর পাতায় দেখুন

ইসলামবিদ্বেষ ও ট্রাম্পের কটাক্ষ উপেক্ষা করে নির্বাচনে ইতিহাস গড়লেন আল-সাইয়েদ

দিগন্ত ডেস্ক

নির্বাচনি প্রচারণায় ধর্মীয় পরিচয় নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও রিপাবলিকান শিবিরের একের পর এক কটাক্ষ ও বর্ণবাদী আক্রমণের মুখে পড়েছিলেন ডেমোক্র্যাট রাজনীতিক ডা. আবদুল আল-সাইয়েদ। তবে মিশিগানের সিনেট নির্বাচনে ঐতিহাসিক বিজয়ের পর ট্রাম্প ও তার ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্সকে এক মোক্ষম জবাব ফিরিয়ে দিয়েছেন দেশটির ইতিহাসের প্রথম মুসলিম-আমেরিকান সিনেটর।

বুধবার মিশিগানে নিজের বিজয় নিশ্চিত হওয়ার পর উল্লাসরত সমর্থকদের সামনে দেওয়া বক্তব্যে আল-সাইয়েদ ট্রাম্প ও ভ্যান্সকে স্মরণ করিয়ে দেন যে, এখন থেকে তারা তাকে 'সিনেটর' বলেই ● ২-এর পাতায় দেখুন

মতলবে নতুন এনআইডি পেয়েই প্রবাসীর চোখ ছানাবড়া, তার নামে ১৮ সিম তুললো কে?

মতলব উত্তর প্রতিনিধি

সৌদি আরব থেকে দেশে ফিরে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) তৈরি করেছেন আব্দুল মালেক (৫৬)। পরে নিজের নামে একটি মোবাইল সিম তুলতে গিয়ে জানতে পারেন, তার এনআইডির বিপরীতে আগেই নিবন্ধিত হয়েছে ১৮টি সিম।

অথচ তার দাবি, তিনি নিজে একটি সিমও উত্তোলন করেননি। বিভিন্ন অপারেটরের কাছে যোগাযোগ করে কিছু সিম বাতিল করতে পারলেও এখনো সব সিম বন্ধ হয়নি। নিজের পরিচয়পত্রের তথ্য ব্যবহার করে সিম উত্তোলনের ঘটনায় নিরাপত্তাহীনতায় ভুগছেন আব্দুল মালেক।

ভুক্তভোগী আব্দুল মালেক মতলব উত্তর উপজেলার পূর্ব ফতেপুর ইউনিয়নের দক্ষিণ লুধুয়া গ্রামের মোল্লা বাড়ির বাসিন্দা। তার বাবা মৃত নোয়াব আলী।

মালেক জানান, দীর্ঘদিন সৌদি আরবে থাকায় আগে তার জাতীয় পরিচয়পত্র তৈরি করা হয়নি। দেশে ফিরে প্রায় দুই মাস আগে এনআইডির জন্য আবেদন করেন এবং এক সপ্তাহ আগে কার্ড হাতে পান। এরপর সুজাতপুর বাজারের একটি কম্পিউটারের দোকানে নিজের নামে সিম তুলতে গেলে দোকানদার জানান, তার এনআইডির বিপরীতে এরইমধ্যে ১৮টি সিম নিবন্ধিত রয়েছে। পরে চাঁদপুরে বিভিন্ন মোবাইল অপারেটরের কার্যালয়ে যোগাযোগ করে সিম নিবন্ধনের তথ্য যাচাই করেন তিনি। তার দেওয়া তথ্য অনুযায়ী, রবির অধীনে দুটি, বাংলালিংকের চারটি এবং টেলিটকের অধীনে ১২টি সিম পাওয়া যায়। গ্রামীণফোনে কোনো সিম পাওয়া যায়নি বলে জানান তিনি।

মালেকের দাবি, রবির দুটি সিম বাতিল করা হয়েছে। বাংলালিংকের চারটি সিম বাতিল করতে তাকে ঢাকায় যেতে ● ২-এর পাতায় দেখুন



চাঁদপুরে অনলাইনে ইলিশ বিক্রির নামে প্রতারণা চক্রের দুই সহযোগী গ্রেপ্তার।

চাঁদপুরে অনলাইনে ইলিশ বিক্রির নামে প্রতারণা চক্রের দুই সহযোগী গ্রেপ্তার

শহর প্রতিনিধি

অনলাইনে ইলিশ মাছ বিক্রির নামে প্রতারণার অভিযোগে সক্রিয় চক্রের আরও দুই সহযোগীকে গ্রেপ্তার করেছে চাঁদপুর জেলা পুলিশ। এ নিয়ে চক্রটির মোট ১১ জন গ্রেপ্তার হলেন। পুলিশ জানিয়েছে, সর্বশেষ গ্রেপ্তার দুজন চক্রের ফেসবুক পেজের প্রচারণা, পোস্ট বুস্ট এবং ওয়েবসাইট তৈরিতে সহায়তা করতেন। বুধবার (৪ নভেম্বর) সন্ধ্যায় চাঁদপুর জেলা পুলিশের মিডিয়া সেল থেকে এ তথ্য নিশ্চিত করা হয়। পুলিশ জানায়, চাঁদপুরের পুলিশ সুপার মো. মিজানুর রহমানের দিকনির্দেশনায় জেলা গোয়েন্দা শাখার (ডিবি) একটি দল চট্টগ্রামের সন্দীপ থানা পুলিশের সহযোগিতায় মঙ্গলবার (৩ নভেম্বর) সন্দীপ থানা এলাকায় অভিযান চালায়। অভিযানে সন্দেহভাজন দুজনকে তাদের নিজ নিজ বাড়ি থেকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত ব্যক্তিরা হলেন সন্দীপের ● ২-এর পাতায় দেখুন

হাইমচরে মদ-ইয়াবা সেবনের অভিযোগে ২জন গ্রেপ্তার

হাইমচর প্রতিনিধি

হাইমচরে মদ ও ইয়াবা সেবন করে মাতলামি করার অভিযোগে স্বপন খান (৩৫) নামে এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। হাইমচরে অভিযান চালিয়ে পাঁচ পিস ইয়াবা ট্যাবলেটসহ দেলোয়ার (৪৪) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। মঙ্গলবার (৩ নভেম্বর) রাত ১১টা ৪৫ মিনিটের দিকে উপজেলার পূর্ব চরকৃষ্ণপুর এলাকার কালু হোটেলের মোড় থেকে উপজেলা পরিষদগামী সড়কে মানিকের চায়ের দোকানের সামনে থেকে তাকে গ্রেপ্তার করা হয়। রাত ৭টা ৪৫ মিনিটের দিকে উপজেলার ৪ নম্বর নীলকমল ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের ঈশানবালা এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ জানায়, হাইমচর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ শাহ আলম, পিপিএম-সেবা-এর সার্বিক দিকনির্দেশনায় বাহেরচর তদন্তকেন্দ্রে কর্মরত এসআই জুলহাস উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ ● ২-এর পাতায় দেখুন



ফরিদগঞ্জ পৌর বাজারের বিভিন্ন পয়েন্টে উচ্ছেদ অভিযান পরিচালনা করছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও পৌর প্রশাসক মো. মেহেদী হাসান মানিক।

ফরিদগঞ্জে ফুটপাত দখলমুক্ত করতে অভিযান, ৮ প্রতিষ্ঠানকে জরিমানা

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ পৌর বাজারের প্রধান সড়ক ও ফুটপাত দখলমুক্ত করতে যৌথভাবে অভিযান পরিচালনা করেছে উপজেলা প্রশাসন ও পৌর কর্তৃপক্ষ। দীর্ঘদিনের তীব্র যানজট নিরসন এবং জনসাধারণের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। অভিযানে নিয়মবহির্ভূতভাবে ফুটপাত দখল ও নানা অনিয়মের দায়ে বনফুল, রাহা হোটেল অ্যান্ড রেস্তোরাঁ ও পিপাসা হোটেলসহ মোট আটটি ব্যবসা প্রতিষ্ঠানকে ২৮ হাজার টাকা অর্থদণ্ড দেয়া হয়েছে।

বুধবার (৪ নভেম্বর) দুপুরে ফরিদগঞ্জ পৌর বাজারের বিভিন্ন পয়েন্টে এই উচ্ছেদ অভিযান পরিচালনা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও পৌর প্রশাসক মো. মেহেদী হাসান মানিক।

অভিযান সূত্রে জানা যায়, উপজেলা পরিষদ চত্বর থেকে কেরোয়া মোড় হয়ে থানা চত্বর পর্যন্ত মূল সড়কের দুই পাশের ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুর প্রেস ক্লাবে ফ্রি স্বাস্থ্যসেবা চিকিৎসা ক্যাম্পের উদ্বোধন আজ

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর প্রেস ক্লাবের উদ্যোগে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ও তাঁদের পরিবারের সদস্যদের জন্য আজ ৫ নভেম্বর ২০২৬ বৃহস্পতিবার দিনব্যাপী দ্বিতীয় বারের মতো বিনামূল্যে বিশাল পরিসরে ডায়াবেটিস পরীক্ষা, চক্ষু পরীক্ষা ও সাধারণ স্বাস্থ্যসেবা চিকিৎসা ক্যাম্প অনুষ্ঠিত হবে। সকাল ৯টায় উদ্বোধনী অনুষ্ঠান এবং স্বাস্থ্যসেবা কার্যক্রম শুরু হবে। চাঁদপুর প্রেস ক্লাব মিলনায়তনের (তৃতীয় তলা) এ আয়োজনে তিনটি হাসপাতালের চিকিৎসক ও মেডিকেল টিম চিকিৎসাসেবা প্রদান করবেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন চাঁদপুরের জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন, চাঁদপুর পুলিশ সুপার মোঃ মিজানুর রহমান, চাঁদপুরের সিভিল সার্জন ডা. মোহাম্মদ নুর আলম দীন, ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. এ কে এম মাহবুবুর রহমান, ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব), চাঁদপুর জেলা শাখার আহ্বায়ক ডা. মোবারক হোসেন চৌধুরী এবং চাঁদপুর পৌর বিএনপির সভাপতি মোঃ আক্তার হোসেন মাঝি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী।

যেসব প্রতিষ্ঠানের চিকিৎসক ও মেডিকেল টিম সেবা দেবেন:

১. চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট সরকারি জেনারেল হাসপাতাল

এ হাসপাতালের চিকিৎসকদের মধ্যে থাকবেন ডা. সৈয়দ আহমদ কাজল (মেডিসিন ও কার্ডিওলজি), ডা. নূরে আলম মজুমদার (সার্জারি), ডা. আবদুল্লাহ আল মামুন (চর্মরোগ), ডা. মো. বরকত উল্লাহ (মেডিসিন) এবং ডা. নাজমুন নাহার (গাইনি)। এ ছাড়া ● ২-এর পাতায় দেখুন

ডিবিসি কার্যালয় থেকে ইকবাল সোবহান চৌধুরী আটক

নিজস্ব প্রতিবেদক

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য উপদেষ্টা, বেসরকারি টেলিভিশন স্টেশন ডিবিসির চেয়ারম্যান ইকবাল সোবহান চৌধুরীকে আটক করেছে পুলিশ। মহাখালীতে ডিবিসি কার্যালয় থেকে বুধবার দুপুরে তাকে আটক করা হয়। সে সময় এই প্রতিষ্ঠানের প্রধান অপরাধ প্রতিবেদক রাজীব ঘোষকে পুলিশ নিয়ে গেছে। ইকবাল সোবহান চৌধুরীকে আটকের তথ্য দিয়ে ডিএমপির অতিরিক্ত কমিশনার (গোয়েন্দা) মো. শফিকুল ইসলাম বলেন, "তাকে গ্রেপ্তার করা হয়নি। জিজ্ঞাসাবাদের জন্য নেওয়া হয়েছে। সেখানে একটি অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি সৃষ্টি হয়েছে সে কারণে আমরা তাকে জিজ্ঞাসা করার জন্য নিয়ে এসেছি। তবে কী ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি সেটা তিনি ব্যাখ্যা করেননি।ইকবাল হোসেন চৌধুরী ডেইলি অবজারভারের সম্পাদক ও প্রকাশকের দায়িত্বেও আছেন। এই ঘটনার পর বিকেলে ডিবিসির কার্যালয়ে কথা বলতে গেলে প্রতিষ্ঠানটির পক্ষ থেকে সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলেন প্রতিষ্ঠানটির অ্যাসাইনমেন্ট এডিটর মুক্তাদীর অনিক। তিনি বলেন, "ডিবিসি অফিস থেকে যখন ইকবাল সোবহান চৌধুরী বের হচ্ছিলেন তখন তাকে রাস্তা থেকে নিয়ে গেছে ডিবি। কেন তাকে নিয়ে যাওয়া হয়েছে সে বিষয়ে আমরা ক্লিয়ার না। আমরা ধারণা করে বলতে পারি জুলাই রেভ্যুলেশনের সময়কার যে মামলা ছিল, সেই কেন্দ্রীক কিছু। আমরাও ডিবিসির পক্ষ থেকে জানার চেষ্টা করছি কেন তাকে আটক করা হল।" ডিবিসির সাংবাদিক রাজীব ঘোষকে নিয়ে যাওয়া প্রসঙ্গে মুক্তাদীর বলেন, "আমাদের আরেকজন সহকর্মীকে জিজ্ঞাসাবাদ না, জাস্ট ডিবি বলেছে 'আপনি একটু চলেন, চা খাবো।'" রাজীব ঘোষকেও রাস্তা থেকে গোয়েন্দা পুলিশ নিয়ে গেছে বলে জানিয়েছেন অনিক। তিনি বলেন, "যেহেতু উনি ক্রাইম বিট করেন, ডিবিসির ক্রাইম চিফ তাই পুলিশের কর্মকর্তার সঙ্গে তার ভালো সম্পর্ক আছে। সেই সুবাদে তাকে ● ২-এর পাতায় দেখুন

জাতীয় বাস্কেটবল ফেডারেশনের অ্যাডহক কমিটির সদস্য হলেন নূরুল আমিন আকাশ

নিজস্ব প্রতিবেদক



চাঁদপুরের ক্রীড়াঙ্গনের জন্য এসেছে নতুন এক সুখবর। বাংলাদেশ বাস্কেটবল ফেডারেশনের নবগঠিত অ্যাডহক কমিটির সদস্য হিসেবে মনোনীত হয়েছেন চাঁদপুরের বিশিষ্ট ক্রীড়া সংগঠক ও চাঁদপুর বাস্কেটবল একাডেমির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট নূরুল আমিন খান আকাশ। একই সঙ্গে তিনি সামাজিক সংগঠন 'ক্লিন চাঁদপুর'-এর প্রতিষ্ঠাতা।

মঙ্গলবার (৩ নভেম্বর) জাতীয় ক্রীড়া পরিষদের ক্রীড়া অনুবিভাগ থেকে জারি করা এক প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ বাস্কেটবল ফেডারেশনের নতুন অ্যাডহক কমিটি অনুমোদন দেওয়া হয়। নবগঠিত এ কমিটির সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন প্রবীণ ক্রীড়া সংগঠক মো. রায়হান সিদ্দিকী প্রবাল।

চাঁদপুর বাস্কেটবল একাডেমির পক্ষ থেকে পাঠানো এক শুভেচ্ছা বার্তায় বলা হয়, দীর্ঘদিনের অভিজ্ঞতা, সাংগঠনিক দক্ষতা, সততা ও নিষ্ঠার মাধ্যমে অ্যাডভোকেট নূরুল আমিন খান আকাশ জাতীয় পর্যায়ে দেশের বাস্কেটবলের উন্নয়ন ও প্রসারে গুরুত্বপূর্ণ অবদান রাখবেন ● ২-এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আরো ৬ জনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ১৮৬৬

দিগন্ত ডেস্ক

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে ছয়জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে ঢাকা বিভাগে চারজন এবং খুলনা বিভাগের দুইজন রয়েছেন। একই সময়ে সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে নতুন রোগী ভর্তি হয়েছেন এক হাজার ৮৬৬ জন।

বুধবার (৪ নভেম্বর) স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গুবিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর মধ্যে ঢাকা বিভাগে ৮৬৮ ● ২-এর পাতায় দেখুন

নামাজের সময়সূচী
৫ নভেম্বর ২০২৬
বৃহস্পতিবার

ফজর শুরু	ভোর ৪.৪৬
যোহর শুরু	দুপুর ১১.৪৬
আসর শুরু	বিকেল ৩.৪৮
মাগরিব শুরু	সন্ধ্যা ৫.২৮
এশা শুরু	রাত ৭.৪২

সূত্র: ইসলামিক ফাউন্ডেশন



ফরিদগঞ্জে ইয়াবাসহ গ্রেফতার ৫

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে থানা পুলিশের বিশেষ অভিযানে ১৬১ পিস ইয়াবাসহ পাঁচজন মাদক কারবারিকে গ্রেফতার করা হয়েছে।

মঙ্গলবার (৩ নভেম্বর) রাতে উপজেলার রূপসা উত্তর ইউনিয়নের গান্দেরগাঁও এলাকায় অভিযান চালিয়ে তাঁদের গ্রেফতার করে ফরিদগঞ্জ থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন-রূপসা উত্তর ইউনিয়নের গান্দেরগাঁও এলাকার হানিফ মিয়ার ছেলে কামরুল ইসলাম (৪৬), বদরপুর এলাকার মমতাজ উদ্দিনের ছেলে সুমন (২৪), বারপাইকা গ্রামের মো. ফজলুল হকের ছেলে মো. অন্তর (৩১), একই গ্রামের মোস্তফা বেপারির ছেলে মো. তারেক (২২) এবং মো. কামালের ছেলে মো. আলাউদ্দিন (২৬)। পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে ফরিদগঞ্জ থানার ● ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে: Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স

WALTON KONKA GREE AC কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। | শো-রুম ২: স্টেশন বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

SE মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
বৃহস্পতিবার ৫ নভেম্বর ২০২৬, ২০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ, ২৪ জমাঃ আউয়াল ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

পানিসম্পদমন্ত্রীকে নিয়ে মানহানিকর বক্তব্য

নাসীরুদ্দীন পাটওয়ারীকে আইনি নোটিশ

দিগন্ত ডেস্ক

পানিসম্পদমন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানিকে নিয়ে দেয়া বক্তব্যকে মিথ্যা, বানোয়াট ও মানহানিকর দাবি করে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সংগঠক নাসীরুদ্দীন পাটওয়ারীকে আইনি নোটিশ পাঠানো হয়েছে। নোটিশে ১৫ দিনের মধ্যে বক্তব্য প্রত্যাহার করে প্রকাশ্যে নিঃশর্ত ক্ষমা চাওয়ার দাবি জানানো হয়েছে। মঙ্গলবার (৩ নভেম্বর) লক্ষ্মীপুর জেলা স্বেচ্ছাসেবক দলের দায়িত্বপ্রাপ্ত সহদপ্তর সম্পাদক ও পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট মাহমুদুর রহমান মিশন ভূঁইয়ার পক্ষে সুপ্রিম কোর্টের



আইনজীবী মো: ইয়াছিন আরাফাত (সম্রাট) নাসীরুদ্দীন পাটওয়ারীকে এ আইনি নোটিশ পাঠান। পানিসম্পদমন্ত্রী ও বিএনপির যুগ্ম মহাসচিব শহীদউদ্দীন চৌধুরী এ্যানিকে নিয়ে দেয়া বক্তব্যকে মিথ্যা, বানোয়াট ও মানহানিকর দাবি করে এ নোটিশ দেয়া হয়। নোটিশ পাওয়ার পরবর্তী ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট বক্তব্য প্রত্যাহার করে প্রকাশ্যে নিঃশর্ত ক্ষমা চাওয়ার দাবি জানানো হয়েছে নোটিশে। নোটিশে উল্লেখ করা হয়, সম্প্রতি ঢাকার একটি জনসভায় বক্তব্য দেওয়ার সময় পানিসম্পদমন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানিকে উদ্দেশ করে আপত্তিকর ও ভিত্তিহীন মন্তব্য করেন নাসীরুদ্দীন পাটওয়ারী। ওই বক্তব্যের একপর্যায়ে তাকে বলতে শোনা যায়, 'এই যে সন্ত্রাসী গোষ্ঠী আছে... জায়গায় এ্যানি চৌধুরীর ফোনকল যায় না, যে আমারে টাকা পাঠায়।' আইনি নোটিশে বলা হয়েছে, নাসীরুদ্দীন পাটওয়ারীর দেয়া বক্তব্য সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন, মনগড়া ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। গত ৩০ অক্টোবর বিভিন্ন গণমাধ্যম, অনলাইন সংবাদমাধ্যম এবং ● ২-এর পাতায় দেখুন



দক্ষিণ এশিয়ায় ৩৭তম ও এশিয়ায় ২১৬তম ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

বিশ্বের অন্যতম স্বীকৃত বিশ্ববিদ্যালয় মূল্যায়ন সংস্'া কিউএস প্রকাশিত 'কিউএস ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‌্যাঙ্কিংস: এশিয়া ২০২৭'-এ উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ডিআইইউ)। ৩ নভেম্বর ২০২৬ প্রকাশিত এই র‌্যাঙ্কিংয়ে বিশ্ববিদ্যালয়টি দক্ষিণ এশিয়ায় ৩৭তম এবং এশিয়াজুড়ে ২১৬তম অবস্'ান অর্জন করেছে। এই অর্জন আঞ্চলিক উ"চশিক্ষা অঙ্গনে বিশ্ববিদ্যালয়টির ক্রমবর্ধমান অগ্রগতি ও আন্তর্জাতিক পরিচিতির প্রতিফলন।
জাতীয় পর্যায়েও নিজেদের অবস্'ান সুদৃঢ় করেছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি। সর্বশেষ কিউএস এশিয়া র‌্যাঙ্কিং অনুযায়ী, বিশ্ববিদ্যালয়টি বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে দ্বিতীয় এবং সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় মিলিয়ে চতুর্থ অবস্'ানে রয়েছে। এই সাফল্য বিশ্ববিদ্যালয়টির শিক্ষা, গবেষণা ও আন্-র্জাতিক সম্পৃক্ততার ধারাবাহিক অগ্রযাত্রাকে তুলে ধরেছে।
কিউএস এশিয়া ইউনিভার্সিটি র‌্যাঙ্কিংস ২০২৭-এর গুরুত্বপূর্ণ সূচকগুলোতেও উল্লেখযোগ্য অবস্'ান অর্জন করেছে ডিআইইউ। এর মধ্যে ইন্টারন্যাশনাল রিসার্চ নেটওয়ার্ক (আইআরএন) সূচকে এশিয়ায় ১৪৬তম, একাডেমিক রেপুটেশন সূচকে ১৬৮তম এবং সাইটেশনস পার পেপার সূচকে ২৫০তম অবস্'ানে রয়েছে বিশ্ববিদ্যালয়টি। আন্তর্জাতিক গবেষণা সহযোগিতা, একাডেমিক ক্ষেত্রে স্বীকৃতি এবং প্রকাশিত ● ৩-এর পাতায় দেখুন

এইচএসসি পরীক্ষায় সর্বোচ্চ ২ বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীদের পরীক্ষা ১ ডিসেম্বর

দিগন্ত ডেস্ক

আগামী ১ ডিসেম্বর এ বছর এইচএসসি ও সমমানের পরীক্ষায় সর্বোচ্চ দুই বিষয়ে অকৃতকার্য হওয়া শিক্ষার্থীরা আবার ওই দুই বিষয়ের পরীক্ষা দিতে পারবেন। এবারই বাংলাদেশে পরীক্ষার্থীরা প্রথম এই ধরনের সুযোগ পাচ্ছেন।
এর আগে এক বছর পরে আবার নিয়মিত শিক্ষার্থীদের সাথে পরের বছরের এইচএসসি পরীক্ষার সময় তাদের পরীক্ষা দিতে হতো। নিয়মিত ও অনিয়মিত দুই ধরনের পরীক্ষার্থীরাই এই সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশ নিতে পারবেন।
আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।
আন্তঃশিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পরবর্তী সময়ে নিজ নিজ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে এই পরীক্ষার রুটিন জানিয়ে দেয়া হবে।
আগামী ৫ নভেম্বর থেকে এই পরীক্ষার ফরম পূরণ শুরু হবে। ৯ নভেম্বর পর্যন্ত পাঁচ দিন শিক্ষার্থীরা ফরম পূরণ করতে পারবে।
আগামী ১০ নভেম্বর পর্যন্ত 'সোনালী সেবার' মাধ্যমে এই পরীক্ষার ফি জমা দিতে পারবেন পরীক্ষার্থীরা।
● ৩-এর পাতায় দেখুন



ফরিদগঞ্জে গভীর রাতে সন্দেহজনক আগুনে পুড়ে যাওয়া পরিত্যক্ত টিনের ঘর।

ফরিদগঞ্জে গভীর রাতে সন্দেহজনক আগুন, নিরাপত্তাহীনতায় পরিবার

ইয়াছিন পালোয়ান

ফরিদগঞ্জ উপজেলার ১৫নং রূপসা উত্তর ইউনিয়নের গাব্দেরগাঁও গ্রামে গভীর রাতে বাচ্চু মৃধার বসতবাড়ির পাশে থাকা একটি পরিত্যক্ত টিনের ঘরে সন্দেহজনক আগুনের ঘটনা ঘটেছে। ৩ নভেম্বর (মঙ্গলবার) দিবাগত রাত আনুমানিক ৩টার দিকে এ ঘটনা ঘটে। এ সময় বাচ্চু মৃধা ও তার পরিবারের সদস্যরা গভীর ঘুমে ছিলেন। আগুনের সূত্রপাত নিয়ে স্থানীয়দের মধ্যে নানা প্রশ্ন দেখা দিয়েছে।
?বাচ্চু মৃধার ভাষ্য অনুযায়ী, রাতের বেলা টয়লেটে যাওয়ার জন্য ঘর থেকে বের হলে তিনি বসতঘরের পাশে অবস্থিত ছোট একটি পরিত্যক্ত টিনের ঘরে দাউদাউ করে আগুন জ্বলতে দেখতে পান। তাৎক্ষণিক চিৎকার করলে আশপাশের লোকজন ও পরিবারের সদস্যরা ছুটে আসেন। পরে স্থানীয়দের সম্মিলিত প্রচেষ্টায় পানি ঢেলে আগুন নিয়ন্ত্রণে আনা হয়।
?এদিকে বাচ্চু মৃধার পরিবারের পক্ষ থেকে ফায়ার সার্ভিসে খবর দেয়া হয়। তবে স্থানীয়দের সহযোগিতায় আগুন নিভে যাওয়ায় পরবর্তীতে ফায়ার সার্ভিসকে বিষয়টি জানানো হলে তাদের আর ঘটনাস্থলে আসতে হয়নি বলে পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে।
?ঘটনার বিষয়ে বাচ্চু মৃধা বলেন, "মিথ্যা মামলায় আমাকে জেলে পাঠানোর পর আমার বাড়িতে হামলা ও ভাঙচুর করা হয়েছে। এখন আবার পূর্বশত্রুতার জের ধরে আমার বসতবাড়ি পুড়িয়ে দেওয়ার উদ্দেশ্যে গভীর রাতে নীরবে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে। আমি বর্তমানে ● ৩-এর পাতায় দেখুন



শাহরাস্তির সূচিপাড়ায় ভ্রাম্যমাণ ভূমিসেবা ক্যাম্প।

শাহরাস্তির সূচিপাড়ায় ভ্রাম্যমাণ ভূমিসেবা ক্যাম্প ও গণশুনানি

সাইফুদ্দীন

ভূমিসেবা সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে চাঁদপুরের শাহরাস্তিতে সূচিপাড়া ইউনিয়ন ভূমি অফিসে ভ্রাম্যমাণ ভূমিসেবা ক্যাম্প ও গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৪ নভেম্বর ২০২৬) সকাল ১০টা ৩০ মিনিট থেকে দুপুর ১টা পর্যন্ত এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে সহকারী কমিশনার (ভূমি) সামছুজ্জামান সাধারণ মানুষের ভূমিসংক্রান্ত বিভিন্ন সমস্যা, অভিযোগ ও সেবার বিষয়ে সরাসরি কথা বলেন। গণশুনানিতে অংশগ্রহণের মাধ্যমে সেবাপ্রত্যাশীরা তাঁদের ভূমিসংক্রান্ত অভিযোগ ● ৩-এর পাতায় দেখুন

হাম উপসর্গে আরো ৬ শিশুর মৃত্যু, নতুন আক্রান্ত ১৪০২

দিগন্ত ডেস্ক

দেশে বুধবার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে ছয় শিশুর মৃত্যু হয়েছে। এই সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে এক হাজার ৪০২ শিশু।
বুধবার (৪ নভেম্বর) বিকেলে স্বাস্থ্য অধিদফতরের হাম-বিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।
বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরো ছয় শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি।
এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারাদেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট এক হাজার ১৬৪ শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরো ১০৫ শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট এক হাজার ২৬৯ শিশু মারা গেছে।
এছাড়া ২৪ ঘণ্টায় ৭৭ শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা এক
● ৩-এর পাতায় দেখুন



কচুয়ায় উদ্যোক্তা আলোচনা ও পরিচিতি সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন কচুয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আজিজুল ইসলাম আকাশ।

কচুয়ায় উদ্যোক্তা আলোচনা ও পরিচিতি সভা

কচুয়া প্রতিনিধি

'স্বপ্ন জয়ের পথে কচুয়ার উদ্যোক্তাগণ' স্লোগানকে সামনে রেখে কচুয়ায় উদ্যোক্তা আলোচনা ও পরিচিতি সভা অনুষ্ঠিত হয়েছে।
বুধবার (৪ নভেম্বর) বিকেলে কচুয়ার বিশ্বরোড এলাকায় নিউ জাহাঙ্গীর হোটেল কমিউনিটি সেন্টারের দ্বিতীয় তলায় এ সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ● ৩-এর পাতায় দেখুন



ইব্রাহিমপুরে সুরক্ষা ফাউন্ডেশনের উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে স্বাস্থ্য ও শিক্ষা সামগ্রী বিতরণ।

ইব্রাহিমপুরে সুরক্ষা ফাউন্ডেশনের শিক্ষার্থীদের মাঝে সামগ্রী বিতরণ

সদর প্রতিনিধি

সুস্থ ও শিক্ষিত জাতি গঠনের প্রত্যয়ে চাঁদপুর সদর উপজেলার ইব্রাহিমপুর ইউনিয়নে শতাধিক শিক্ষার্থীর মাঝে বিনামূল্যে স্বাস্থ্য ও শিক্ষা সামগ্রী বিতরণ করেছে সুরক্ষা ফাউন্ডেশন। মঙ্গলবার (৩ নভেম্বর ২০২৬) ইউনিয়নের ১৩২নং হিন্দুলি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়। 'সুস্থ ও শিক্ষিত জাতি গঠনে সুরক্ষা ● ৩-এর পাতায় দেখুন

শুরু হচ্ছে নতুন কুঁড়ি জাতীয় হিফজুল কোরআন প্রতিযোগিতা

দিগন্ত ডেস্ক

বিএনপি সরকারের নির্বাচনি ইশতেহার বাস্তবায়নের লক্ষে দেশব্যাপি 'নতুন কুঁড়ি জাতীয় হিফজুল কোরআন প্রতিযোগিতা' আয়োজন করতে যাচ্ছে ইসলামিক ফাউন্ডেশন। তিনটি গ্রুপে অনুষ্ঠিতব্য এ প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে বিজয়ী ৯ জনের জন্য ১৩ লাখ ৫০ হাজার টাকা পুরস্কার বরাদ্দ রাখা হয়েছে । পাশাপাশি বিজয়ীদের ক্রেস্ট ও সনদপত্র দেয়া হবে।
১৮ অক্টোবর ইসলামিক ফাউন্ডেশনের জনসংযোগ শাখা থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।
বিজ্ঞপ্তিতে বলা হয়, উপজেলা পর্যায় থেকে এ প্রতিযোগিতা শুরু হবে। উপজেলা পর্যায়ে বিজয়ীরা জেলা পর্যায়ে, জেলা পর্যায়ের বিজয়ীরা বিভাগীয় পর্যায়ে এবং বিভাগীয় পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ নেবেন।
বিজ্ঞপ্তিতে জানানো হয়, প্রতিযোগিতাটি তিনটি গ্রুপে অনুষ্ঠিত হবে।'ক' গ্রুপে ১২ বছর অনূর্ধ্ব প্রতিযোগীরা তাজবিদসহ ১০ পারা,'খ' গ্রুপে ১৫ বছর অনূর্ধ্ব প্রতিযোগীরা তাজবিদসহ ২০ পারা এবং 'গ' গ্রুপে ১৮ বছর অনূর্ধ্ব প্রতিযোগীরা তাজবিদসহ পবিত্র কোরআনের পূর্ণ ৩০ পারা হিফজ বিভাগে অংশ নিতে পারবেন।
জাতীয় পর্যায়ে প্রতিটি গ্রুপে প্রথম স্থান অধিকারী পাবেন দু'লাখ টাকা, দ্বিতীয় স্থান অধিকারী দেড় লাখ টাকা এবং তৃতীয় স্থান অধিকারী
● ৩-এর পাতায় দেখুন



চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিকের পক্ষে শিক্ষার্থীদের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দিচ্ছেন জেলা ছাত্রদলের সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগ।

এমপি শেখ ফরিদ আহমেদ মানিকের তত্ত্বাবধানে

চাঁদপুরে প্রতিবন্ধী ও দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তার চেক বিতরণ

স্টাফ রিপোর্টার

চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিকের তত্ত্বাবধানে জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে প্রতিবন্ধী ও দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মাঝে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়েছে। বুধবার (৪ নভেম্বর) সকাল ১০টায় চাঁদপুর শহরের মুনিরা ভবনে আয়োজিত অনুষ্ঠানে এমপি শেখ ফরিদ আহমেদ মানিকের পক্ষে শিক্ষার্থীদের হাতে আর্থিক সহায়তার চেক তুলে দেন চাঁদপুর জেলা ছাত্রদলের সদস্য সচিব জিয়াউর রহমান সোহাগ।
তিনি তার বক্তব্যে বলেন, প্রতিবন্ধী ও দরিদ্র মেধাবী শিক্ষার্থীরা সমাজের বোঝা নয়, বরং তারাও আমাদের সম্পদ। তাদের মেধা ও প্রতিভা বিকাশের সুযোগ করে দেয়া আমাদের সবার দায়িত্ব। আর্থিক সংকট যেন কোনো শিক্ষার্থীর পড়াশোনার পথে বাধা হয়ে না দাঁড়ায়, সে লক্ষ্যেই সংসদ সদস্য শেখ ফরিদ আহমেদ মানিকের তত্ত্বাবধানে এ সহায়তা প্রদান করা হচ্ছে। ভবিষ্যতেও অসহায়, সুবিধাবঞ্চিত ও মেধাবী শিক্ষার্থীদের পাশে দাঁড়ানোর এ কার্যক্রম অব্যাহত থাকবে।
এ সময় চাঁদপুর সদর ও হাইমচর উপজেলার মোট ১০০ জন প্রতিবন্ধী ও দরিদ্র মেধাবী শিক্ষার্থীর প্রত্যেককে ১০ হাজার টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়। শিক্ষার্থীদের নিজ নিজ ব্যাংক হিসাবে জমা দেওয়ার জন্য মোট ১০ লাখ টাকার পে-অর্ডার/চেক বিতরণ করা হয়।
অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক শেখ মোহাম্মদ হাবিব, যুগ্ম আহ্বায়ক মামুন খান, সদর উপজেলা ছাত্রদলের সভাপতি জিসান আহমেদ, মহিলা কলেজ ছাত্রদলের সভানেত্রী নাসিম আক্তার, সরকারি ● ৩-এর পাতায় দেখুন

ডিসেম্বর-জানুয়ারিতে ছয়টি শৈত্যপ্রবাহের আভাস

নিজস্ব প্রতিবেদক

আগামী ডিসেম্বর ও জানুয়ারি মাসে দেশের ওপর দিয়ে ছয়টি শৈত্যপ্রবাহ বয়ে যেতে পারে। এর মধ্যে দুই থেকে তিনটি শৈত্যপ্রবাহ তীব্র আকার ধারণ করতে পারে।
বুধবার (৪ নভেম্বর) আবহাওয়া অধিদপ্তরের এক পূর্বাভাস থেকে এ তথ্য জানা গেছে।
আবহাওয়াবিদ মো. মমিনুল ইসলাম
● ৩-এর পাতায় দেখুন

মিরপুরের পরিস্থিতি স্বাভাবিক, সর্তক অবস্থানে পুলিশ

নিজস্ব প্রতিবেদক

মজুরি কমিশনের ঘোষণা এবং পুলিশের সর্তক অবস্থানের কারণে পুরোপুরি স্বাভাবিক রয়েছে রাজধানীর মিরপুরের পরিস্থিতি। গত কয়েকদিন পোশাকশ্রমিকরা রাজপথে থাকলেও আজ ছিলো ভিন্ন চিত্র। গুরুত্বপূর্ণ সড়ক ও মোড়ে মোতায়েন করা হয়েছে প্রায় ১০ হাজারের বেশি পুলিশ সদস্য। একই সঙ্গে অরাজকতা নৈরাজ্যের প্রতিবাদে বিভিন্ন সড়কে মিছিল করছে বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। বুধবার (৪ নভেম্বর) রাজধানীর মিরপুর-১০, ১১ ও ১২ নম্বর এলাকা ঘুরে এমন চিত্র দেখা গেছে। সরেজমিনে দেখা যায়, মিরপুর-১০ গোলচত্বর এলাকাজুড়ে পর্যাপ্ত পুলিশ ও স্পেশাল রেসপন্স ব্যাটালিয়নের (এসআরবি) সদস্য মোতায়েন রয়েছেন। সেখানে পুলিশের সাঁজোয়া যান ও একটি জলকামানের গাড়িও দেখা গেছে। মিরপুর-১১ মেট্রো স্টেশনের নিচেও সাঁজোয়া যানসহ ● ৩-এর পাতায় দেখুন

নির্বাচনে পরাজয়: কাউকে দোষ দিতে চান না ট্রাম্প

দিগন্ত ডেস্ক

যুক্তরাষ্ট্রের নির্বাচনে রিপাবলিকান পার্টির বড় ধরনের পরাজয়ের পর প্রার্থীদের জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে দলের এই বিপর্যয়ের জন্য নির্দিষ্ট কাউকে দায়ী করতে চান না তিনি। ট্রাম্পের দাবি, তিনি নিজে নির্বাচনের ব্যালটে থাকলে রিপাবলিকানরা সহজেই জয়লাভ করত।
বুধবার (৪ নভেম্বর) পলিটিকোকে দেওয়া এক সাক্ষাৎকারে এসব কথা বলেন ডোনাল্ড ট্রাম্প।
সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, 'আমি যদি ব্যালটে থাকতাম, তাহলে আমরা জিতে যেতাম। খুব সহজেই সবকিছু জিতে নিতে পারতাম।'
গত মাসে রিপাবলিকান প্রার্থীদের পক্ষে নির্বাচনী প্রচারে অংশ নিতে যুক্তরাষ্ট্রের বিভিন্ন এলাকায় সফর করেন ট্রাম্প। এ সময় একাধিক জনসভায় তিনি ভোটারদের এমনভাবে বক্তব্য দেন, যেন নির্বাচনের ব্যালটে তিনিও সরাসরি প্রতিদ্বন্দ্বিতা করছেন।
তবে নির্বাচনের ফলাফলে রিপাবলিকানদের জন্য বড় ধাক্কা
● ২-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
সহকারী অধ্যাপক ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রস্টেট, মূত্রথলি, মূত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, পোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দূর্বলতা, ইউরোলজী, এন্ড্রোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পূর্নবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (শেষ পর্ব) সার্জারী, এমআরসিএস (পার্ট-এ)
এমসিপিএস (সার্জারী)
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)
আমাদের সেবা সমূহ
এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন
মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক : *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক : *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক : *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মস্তান*, ব্যবস্থাপনা সম্পাদক : *এ্যাডভোকেট শাহজাহান খান*, যুগ্ম বার্তা সম্পাদক : *আদনান আল মুরাদ*, মফস্বল সম্পাদক : *এম এ গফুর*, বিশেষ প্রতিনিধি : *আবু সুফিয়ান ভূইয়া*, আইটি ইনচার্জ : *জি এম এমরান হোসেন* সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
বৃহস্পতিবার ॥ ৫ নভেম্বর ২০২৬

সম্পাদকীয়

পোশাকশিল্পে শ্রমিক অসন্তোষ ন্যায্য মজুরি ও উৎপাদন –দুটিই নিশ্চিত করুন

পোশাকশ্রমিকদের মজুরি বৃদ্ধির দাবিতে বিক্ষোভ, সংঘর্ষ ও ভাঙচুরের ঘটনা গতকাল মঙ্গলবার টানা চতুর্থ দিনেও অব্যাহত ছিল। সোমবার পর্যন্ত চার শতাধিক কারখানায় ছুটি ঘোষণা করা হয়েছে। এ কারণে বহু কারখানায় উৎপাদন ব্যাহত হয়েছে এবং দেশের প্রধান রপ্তানি খাতে উদ্বেগজনক পরিস্থিতি তৈরি হয়েছে। শ্রমিকদের মজুরি বাড়ানোর দাবি যৌক্তিক। সেই দাবির দ্রুত ও গ্রহণযোগ্য নিষ্পত্তিও জরুরি। একই সঙ্গে এমন পরিস্থিতি এড়াতে হবে, যা শিল্পের স্থিতিশীলতা, শ্রমিকের কর্মসংস্থান এবং দেশের অর্থনীতিকে ঝুঁকিতে ফেলে। সরকার মজুরি বোর্ড গঠন করেছে। এখন সব পক্ষের দায়িত্ব ধৈর্য ধরে আলোচনার মাধ্যমে সমাধানে পৌঁছানো। দক্ষিণ এশিয়ার প্রতিযোগী দেশগুলোর তুলনায় বাংলাদেশের পোশাকশ্রমিকদের মজুরি দীর্ঘদিন ধরে নিচের সারিতে রয়েছে। ২০২৩ সালের ডিসেম্বরে পোশাকশ্রমিকদের ন্যূনতম মজুরি সাড়ে ১২ হাজার টাকা কার্যকর হয়। এরপর জীবনযাত্রার ব্যয় বেড়েছে। খাবার, বাড়িভাড়া, চিকিৎসা ও সন্তানের পড়াশোনার খরচ মেটাতে শ্রমিকেরা যে হিমশিম খাচ্ছেন, তা উপেক্ষার সুযোগ নেই। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বৃদ্ধির পরিপ্রেক্ষিতে তাঁদের প্রত্যাশা বাড়াও স্বাভাবিক।

হাজীগঞ্জের কাঠালিতে বেড়েছে

কয়েকমাস ধরে পুলিশের গাড়ী দেখা যায়না। তাই বেড়েছে চুরি। পুলিশের কিলো ডিউটির গাড়ী যেনো রেগুলার রাতে এদিকে ডিউটি দেই সেই দাবী জানান তিনি।

একই দাবী জানান, স-মিলের হাবিব, বাজারের ব্যবসায়ী নজরুল ইসলাম, দুলাল মৃধা, সুফিয়ান তপদার, ও মাসদ। তাদের সবার দাবী হলো যেনো প্রতিরাতে কাঠালি এলাকায় পুলিশের কিলো ডিউটি থাকে। তাহলে চোরের উপদ্রব ও কিশোরগ্যাংয়ের উৎপাত কমবে।

হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (তদন্ত) রাজিব শর্মা জানান, মাদক, চুরি ও ছিনতাই রোধে কিশোরগ্যাংয়ের বিরুদ্ধে অভিযোগ অব্যাহত আছে। প্রতি রাতেই হাজীগঞ্জ-কচুয়া সড়কে পুলিশের টহল চলমান আছে। চুরি-ছিনতাই রোধে আরো কঠোর পদক্ষেপ নেয়া হবে।

হাজীগঞ্জে পানিতে ডুবে

দ্রুত হাজীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে শিশুটিকে মৃত ঘোষণা করেন।

নিহত শিশুর প্রতিবেশী কাজী সম্রাট জানান, সকালে ঘুম থেকে উঠে অন্য শিশুদের সঙ্গে বাড়ির উঠানে খেলাধুলা করছিল হুজাইফা। খেলার একপর্যায়ে সবার অগোচরে শিশুটি পুকুরে পড়ে যায়। সাঁতার না জানায় পানিতে ডুবে তার মৃত্যু হয় বলে ধারণা করা হচ্ছে।

চার বছরের শিশুর এমন মর্মান্তিক মৃত্যুতে এলাকায় শোকের আবহ বিরাজ করছে। পরিবারের একমাত্র সন্তানকে হারিয়ে শোকে ভেঙে পড়েছেন স্বজনরা।

ডেঙ্গুতে আরো ৬ জনের

জন, ময়মনসিংহ বিভাগে ৬৬ জন, চট্টগ্রাম বিভাগে ২৫৬ জন, খুলনা বিভাগে ২১৫ জন, রাজশাহী বিভাগে ১৭১ জন, রংপুর বিভাগে ৭১ জন, বরিশাল বিভাগে ২০৬ জন এবং সিলেট বিভাগে ১৩ জন রয়েছেন।

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে ছয়জনের মৃত্যু হয়েছে। চলতি বছরে এ যাবৎ ডেঙ্গুতে সারাদেশে মোট ৪৪৫ জনের মৃত্যু হয়েছে। গত ২৪ ঘণ্টায় সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে এক হাজার ৮৬৬ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। চলতি বছরের ৪ নভেম্বর পর্যন্ত সারাদেশে মোট এক লাখ ৪২ হাজার ৭৭৫ জন ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। চলতি বছরে এ যাবৎ মোট এক লাখ ৩৬ হাজার ৩৯৪ জন ডেঙ্গুরোগী হাসপাতাল থেকে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে ছাড়পত্র পেয়েছেন। বর্তমানে পাঁচ হাজার ৯৩৬ জন হাসপাতালে ভর্তি আছেন। ২০২৫ সালের ১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত মোট ডেঙ্গু আক্রান্ত হয়েছে এক লাখ দুই হাজার ৮৬১ জন এবং ডেঙ্গুতে মোট ৪১৩ জনের মৃত্যু হয়।

চাঁদপুরে আলিম পরীক্ষার

পাঠদান আরও কার্যকর করা, মাদ্রাসায় আইসিটি শিক্ষার মান বৃদ্ধি, ইংরেজি ও গণিত বিষয়ে বিশেষ গুরুত্ব দেওয়া এবং শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণের ওপর গুরুত্বারোপ করা হয়। এ ছাড়া শ্রেণিকক্ষে শিক্ষক ও শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহার থেকে বিরত থাকার নির্দেশনা দেওয়া হয়। সভায় আশা প্রকাশ করা হয়, শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের সম্মিলিত প্রচেষ্টা এবং জেলা প্রশাসন ও মাদ্রাসা কর্তৃপক্ষের সমন্বিত উদ্যোগে আগামী দিনে চাঁদপুরের মাদ্রাসাগুলো পরীক্ষার ফলাফলে আরও ভালো করার পাশাপাশি শিক্ষার গুণগত মান উন্নয়নে গুরুত্বপূর্ণ অগ্রগতি অর্জন করবে।





ফরিদগঞ্জে ইয়াবাসহ

অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ এরশাদ উল্ল্যাহর নির্দেশনায় উপপরিদর্শক (এসআই) হুমায়ূন কবির এবং সহকারী উপপরিদর্শক (এএসআই) জুমায়েত জুয়েলের নেতৃত্বে পুলিশের একটি চৌকস দল গাব্দেরগাঁও এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময় ওই ৫ জনকে আটক করা হয় এবং তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে ১৬১ পিস ইয়াবা জব্দ করা হয়।

ফরিদগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ এরশাদ উল্ল্যাহ জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে বুধবার (৪ নভেম্বর) আদালতে প্রেরণ করা হয়েছে। মাদকমুক্ত উপজেলা গড়তে আমাদের এ ধরনের অভিযান নিয়মিত অব্যাহত থাকবে।

হাইমচরে মদ-ইয়াবা

অভিযান পরিচালনা করেন। এ সময় ঈশানবালা এলাকায় খলিল মাতুব্বরের বাড়িসংলগ্ন কাঠের পুলের পূর্ব পাশ থেকে মদ ও ইয়াবা সেবন করে মাতলামি করার অভিযোগে স্বপন খানকে আটক করা হয়।

গ্রেপ্তার স্বপন খান নীলকমল ইউনিয়নের সুলতান মোল্লার কান্দি গ্রামের মুলাম খানের ছেলে।

পরে তাকে চাঁদপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালে পরীক্ষা-নিরীক্ষা করা হলে পরীক্ষার রিপোর্টে তার শরীরে অ্যামফিটামিন (অগচ) ও মেথামফিটামিন (গঊঅ) পজিটিভ পাওয়া যায়।

এ ঘটনায় ৪ নভেম্বর হাইমচর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১৬ ও ২৫ ধারায় মামলা করা হয়েছে। পরে গ্রেপ্তার আসামিকে যথাযথ পুলিশ প্রহরায় আদালতে পাঠানো হয়।

ফরিদগঞ্জে ফুটপাত দখলমুক্ত

ফুটপাত দখল করে দীর্ঘদিন ধরে অবৈধভাবে ব্যবসা চালিয়ে আসছিল একটি মহল। ফল ও চা-পাকড়ার দোকান থেকে শুরু করে বিভিন্ন হোটেল-রেস্টুরেন্টের বর্ধিত স্থাপনা সড়কে প্রতিবন্ধকতা সৃষ্টি করেছিল। ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে এসব অবৈধ স্থাপনা বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেয়া হয় এবং পৌরসভার ট্রাকে করে মালামাল জব্দ করা হয়। এছাড়া যেসব প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স নবায়ন করা নেই, তাদেরকে আগামী সাত দিনের মধ্যে তা হালনাগাদ করার জন্য কঠোর নির্দেশ দেয়া হয়।

অভিযানে আইনগত সহায়তা প্রদান করেন ফরিদগঞ্জ থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) মো. আল আমিন। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন ফরিদগঞ্জ পৌরসভার নির্বাহী কর্মকর্তা শাহ সুফিয়ান খাঁন ও উপজেলা প্রশাসনের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক খোকন চন্দ্র শীলসহ পৌর ও উপজেলা প্রশাসনের বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারীরা।

অভিযান শেষে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পৌর প্রশাসক মো. মেহেদী হাসান মানিক জানান, সাধারণ মানুষের চলাচলের সুবিধা এবং জনদুর্ভোগ লাঘব করতেই আমাদের এই উদ্যোগ। জনগণের স্বস্তি ফিরিয়ে আনতে পৌর প্রশাসনের পক্ষ থেকে এ ধরনের অভিযান নিয়মিতভাবে অব্যাহত থাকবে।

এদিকে প্রশাসনের এই দীর্ঘ প্রতীক্ষিত সাঁড়াশি অভিযানে বাজারের সাধারণ পথচারী ও ক্রেতাদের মধ্যে স্বস্তি ফিরে এসেছে এবং তাঁরা এই উদ্যোগকে সাধুবাদ জানিয়ে নিয়মিত এ ধরনের অভিযান পরিচালনার দাবি জানিয়েছেন।

জাতীয় বাস্কেটবল ফেডারেশনের

বলে তাঁরা আশাবাদী।

এতে আরও বলা হয়, চাঁদপুরের একজন ক্রীড়া সংগঠককে জাতীয় পর্যায়ে মূল্যায়ন করায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানানো হচ্ছে।

অ্যাডভোকেট নূরুল আমিন খান আকাশের এই নতুন দায়িত্বকে ঘিরে চাঁদপুর বাস্কেটবল একাডেমির খেলোয়াড়, কর্মকর্তা ও শুভাকাঙ্ক্ষীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা বিরাজ করছে। তাঁরা তাঁর সফলতা, সুস্বাস্থ্য ও আগামী দিনের সাংগঠনিক পথচলার সর্বাঙ্গীণ সাফল্য কামনা করেছেন।

চাঁদপুর প্রেস ক্লাবে ফ্রি

প্যাথলজিস্ট মো. সিরাজ, দুজন নার্স ও তিনজন সহকারী দায়িত্ব পালন করবেন। এ টিমের মাধ্যমে সাধারণ স্বাস্থ্যসেবা, রক্তচাপ পরিমাপ ও রক্তের গ্রুপ নির্ণয় করা হবে।

২. চাঁদপুর ডায়াবেটিক হাসপাতাল

এ হাসপাতালের মেডিকেল টিমে থাকবেন ডা. আব্দুল কাদের জেলানী মুন্সী (মেডিকেল অফিসার), নাসিমা আক্তার (জনসংযোগ কর্মকর্তা), রাসিদা আক্তার (সিনিয়র স্টাফ নার্স), জসিম উদ্দিন (প্রধান সহকারী) এবং রাসেল ইসলাম (এমএলএসএস)। এ টিমের মাধ্যমে বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা ও প্রয়োজনীয় চিকিৎসাসেবা দেওয়া হবে।

৩. চাঁদপুর মাজহারুল হক বিএনএসবি চক্ষু হাসপাতাল

এ হাসপাতালের চিকিৎসক ও মেডিকেল টিমে থাকবেন ডা. মো. হাবিবুর রহমান (চক্ষু চিকিৎসক), মো. নাসির আহম্মেদ (রিফ্রেকশন ইউনিট ইনচার্জ), মো. আবু জাফর (সিনিয়র পাবলিক রিলেশন অফিসার) এবং মো. আলকমিন ও উম্মে (প্রোগ্রাম অফিসার)। এ টিমের মাধ্যমে বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও প্রয়োজনীয় পরামর্শ দেয়া হবে।

যাঁরা স্বাস্থ্যসেবা গ্রহণ করতে পারবেন: চাঁদপুর প্রেস ক্লাব, চাঁদপুর টেলিভিশন সাংবাদিক ফোরাম ও চাঁদপুর জেলা ফটোজার্নালিস্ট অ্যাসোসিয়েশনের সদস্য, তাঁদের পরিবারের সদস্য এবং মাঠপর্যায়ের পেশাগত সাংবাদিক ও জেলার ৭ উপজেলা প্রেস ক্লাবের সাংবাদিকরা এ ক্যাম্পে বিনামূল্যে স্বাস্থ্যসেবা গ্রহণ করতে পারবেন।

বিনামূল্যে এ স্বাস্থ্যসেবা ক্যাম্পে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল সাংবাদিক ও তাঁদের পরিবারের সদস্যদের বিশেষভাবে আহ্বান জানিয়েছেন চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী ও সাধারণ সম্পাদক এম এ লতিফ। যোগাযোগ প্রয়োজনে: ০১৭১১০১৩৪৪৪ (মোবাইল ও হোয়াটসঅ্যাপ)। আয়োজনে: চাঁদপুর প্রেস ক্লাব।

ডিবিসি কার্যালয় থেকে

কথা বলার জন্য নিয়ে গেছে। "তাকে ধরে নিয়ে গেছে এটা আসলে ঠিক না। একমাত্র ইকবাল সোবহান চৌধুরীর ক্ষেত্রে বলা যায় তাকে ধরে নিয়ে যায়। রাজীব ঘোষের ক্ষেত্রে ধরে নিয়ে যাওয়ার বিষয়টি ঠিক নয়।

ইসলামবিদ্বেষ ও ট্রাম্পের কটাক্ষ

ডাকতে বাধ্য। প্রচারণার সময় ট্রাম্প আল-সাইয়েদের মুসলিম নাম নিয়ে প্রকাশ্যে উপহাস করেছিলেন এবং দাবি করেছিলেন–প্রেসিডেন্ট হিসেবে তিনি এই চিকিৎসককে যা খুশি তা-ই ডাকার অধিকার রাখেন। এমনকি তাকে 'জিহাদি' বলে আখ্যা দিয়েছিলেন ট্রাম্প, আর তার ভাইস প্রেসিডেন্ট রানিংমেট জেডি ভ্যান্স তাকে সম্বোধন করেছিলেন 'সাইকোপ্যাথ' বা

হারিয়েছে

আমি নাদিয়া আক্তার (২৪), আমার এসএসসি পরীক্ষার রোল নং- ৩৬৫৮৯৪, রেজি. নং- ১৫১১৭৪৪১৬১, শিক্ষাবর্ষ ২০১৬-১৭, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা ২০১৮ এর মূল সনদপত্রটি বিগত ২১ অক্টোবর, ২০২৬ খ্রি: দুপুর ১২:০০ ঘটিকার সময় চাঁদপুর সদর মডেল থানাধীন ওয়ার্ড নং- ০৬, কালীবাড়ি এলাকা থেকে হারিয়ে গিয়েছে। এ ব্যাপারে চাঁদপুর সদর মডেল থানায় সাধারণ ডায়েরী করা হয়েছে। যার নং- ২৪৯, তাং ০৪/১১/২০২৬ খ্রি:।

-নাদিয়া আক্তার

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্ধি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাষ্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

অপ্রকৃতিস্থ বলে।

ভোটের ফল ঘোষণার পর ট্রাম্পের সেই কটূক্তির সরাসরি জবাব দিয়ে আল-সাইয়েদ বলেন, 'জেডি, হাবিবি [স্নেহসূচক আরবি শব্দ], এটি নিয়তির চরম পরিহাস–সংবিধান অনুযায়ী আগামী জানুয়ারিতে আমাকে শপথ পাঠ করাতে আপনি বাধ্য।'

এরপর ট্রাম্পকে উদ্দেশ করে তিনি স্পষ্ট ভাষায় বলেন, 'ডোনাল্ড, আমি জানি আমার নাম উচ্চারণ করতে আপনার বেশ কষ্ট হয়। তাই জেডি যখন আমাকে শপথ পাঠ করাবেন, তখন থেকে আপনি আমাকে 'সিনেটর' বলে ডাকতে পারেন। আমরা যেন মিশিগানে আপনার মতো মানুষকে আর কখনো দেখতে না পাই।'

বিজয়ী ভাষণে আবেগাপ্লুত আল-সাইয়েদ অভিবাসী মা-বাবাদের সাহস জুগিয়ে বলেন, 'যেসব বাবা-মা তাদের সন্তানদের বোঝাতে গিয়ে হিমশিম খেয়েছেন–প্রেসিডেন্ট কেন কারও নাম বা কীভাবে সে প্রার্থনা করে তা নিয়ে জনসমক্ষে উপহাস করেন; আগামীকাল সন্তানদের জানিয়ে দিন যে সেই খারাপ লোকেরাই নির্বাচনে হেরে গেছে।'

মতলবে নতুন এনআইডি

বলা হয়েছে। অন্যদিকে টেলিটকের অধীনে পাওয়া ১২টি সিমের মধ্যে তিনটি বাতিল করা হয়েছে। বাকি সিমগুলো ধাপে ধাপে বাতিল করার কথা জানিয়েছে কর্তৃপক্ষ।

ভুক্তভোগী মালেক বলেন, 'আমি তো একটা সিমও উঠাই নাই। এই সিমগুলো উঠাইলো কারা, কী কাজে ব্যবহার হচ্ছে–কিছুই জানি না। কষ্ট করে সিমগুলো বাতিল করলাম। কিন্তু ভবিষ্যতে আবার যদি ওই চক্র সিম তুলে নেয়, তখন আমি কী করব?'

তিনি আরও জানান, জাতীয় পরিচয়পত্র তৈরির সময় শুধু নির্বাচন অফিসেই আঙুলের ছাপ দিয়েছেন। এর বাইরে অন্য কোথাও আঙুলের ছাপ দেননি বলে দাবি তার। তাহলে তার পরিচয়পত্রের তথ্য কিংবা আঙুলের ছাপ ব্যবহার করে কীভাবে এতগুলো সিম নিবন্ধন করা হলো, তা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি।

এ ঘটনায় থানায় যোগাযোগ করলে তাকে নির্বাচন অফিসে যাওয়ার পরামর্শ দেওয়া হয় বলে জানান মালেক। তার আশঙ্কা, এসব সিম ব্যবহার করে কেউ অপরাধমূলক কর্মকাণ্ড ঘটালে হয়রানির শিকার হতে পারেন তিনি।

মতলব উত্তর উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি শামসুজ্জামান ডলার বলেন, 'একজন নাগরিকের অজান্তে তার এনআইডির বিপরীতে ১৮টি সিম নিবন্ধনের অভিযোগ অত্যন্ত উদ্বেগজনক। এটি ব্যক্তিগত তথ্যের নিরাপত্তা ও সিম নিবন্ধন ব্যবস্থার স্বচ্ছতা নিয়ে প্রশ্ন তৈরি করেছে। বিষয়টি দ্রুত তদন্ত করে কারা এসব সিম নিবন্ধন করেছে, তাদের শনাক্ত করতে হবে। পাশাপাশি ভুক্তভোগীর নিরাপত্তা নিশ্চিত ও দায়ীদের জবাবদিহির আওতায় আনতে হবে।'

এ বিষয়ে মতলব উত্তর উপজেলা নির্বাচন কর্মকর্তা সুলতানা এলিন বলেন, 'আমার চাকরিজীবনে এ ধরনের ঘটনা প্রথম দেখলাম। একজন ব্যক্তির আঙুলের ছাপ ছাড়া কীভাবে তার জাতীয় পরিচয়পত্রের বিপরীতে এতগুলো সিম নিবন্ধন করা সম্ভব, তা আমার বোধগম্য নয়। তবে আমাদের অফিসের সার্ভার হ্যাক করা সম্ভব নয় বলে আমি মনে করি।'

তিনি আরও বলেন, এ বিষয়ে সুনির্দিষ্ট তথ্য পাওয়া গেলে বিষয়টি যাচাই করে দেখা প্রয়োজন।

চাঁদপুর জেলা নির্বাচন কর্মকর্তা জিয়াউর রহমান খলিফা বলেন, 'এটার দায়ভার আমাদের নয়। এর দায়ভার নিতে হবে সিম কোম্পানিগুলোর।'

চাঁদপুর বিটিসিএলের সহকারী ব্যবস্থাপক হাসিব আহম্মেদ বলেন, 'এই বিষয়গুলো নিয়ে আমরা কাজ করি না। এটা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের (বিটিআরসি) বিষয়।'

চাঁদপুরে অনলাইনে ইলিশ

কালাপানিয়া ইউনিয়নের ২নং ওয়ার্ডের মহারাজ শীলের বাড়ির শান্ত শীল (২৫) এবং আমানউল্যাহ ইউনিয়নের ৮নং ওয়ার্ডের চেউরিয়া এলাকার গোপাল মেম্বারের বাড়ির মিঠুন সূত্রধর (২৯)।

পুলিশের ভাষ্য, গ্রেপ্তারকৃত দুজন চক্রের সহযোগী হিসেবে কাজ করতেন। তারা ফেসবুক পেজে প্রচারণা চালানো, বিভিন্ন পোস্ট বুস্ট করা এবং ওয়েবসাইট তৈরিতে সহায়তা করতেন। অভিযানকালে তাদের কাছ থেকে প্রতারণার কাজে ব্যবহৃত সিমসহ তিনটি মোবাইল ফোন, চারটি খোলা সিম, একটি ল্যাপটপ ও একটি কম্পিউটার পিসি জব্দ করা হয়েছে।

চাঁদপুরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) নাদিয়া নূর জানান, গ্রেপ্তারকৃত দুজনকে বুধবার দুপুরে চাঁদপুর আদালতে সোপর্দ করা হয়েছে। মামলাটি বর্তমানে তদন্তাধীন। এর আগে বিভিন্ন সময়ে এ চক্রের আরও নয়জনকে গ্রেপ্তার করা হয়েছিল।

নিত্যপণ্যের উর্ধ্বগতির এই সময়ে

এই আন্দোলনের কারণে অনেক কারখানা বন্ধ রয়েছে এবং দুই-এক জায়গায় ভাঙচুর ও অগ্নিসংযোগের মতো অনাকাঙ্ক্ষিত ঘটনাও ঘটেছে।

গাজীপুরের শ্রীপুরে পোশাক শ্রমিক নিহত হওয়ার ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করে ডা. শফিকুর রহমান বলেন, 'আমরা লক্ষ্য করেছি গতকাল গাজীপুরের শ্রীপুরে গাইবান্ধার সন্তান পোশাক শ্রমিক তৌফিককে হত্যা করা হয়েছে। আমি এই হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানাচ্ছি এবং দ্রুত সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ীদের আইনের আওতায় আনার দাবি করছি।'

দেশের প্রধান রপ্তানি খাতের গুরুত্ব স্মরণ করিয়ে দিয়ে তিনি বলেন, তৈরি পোশাক খাতে বড় ধরনের বিপর্যয় নেমে এলে দেশের পুরো অর্থনীতি মুখ থুবড়ে পড়বে। সরকার এখনো সংকট নিরসনে কার্যকর উদ্যোগ নিতে পারেনি উল্লেখ করে তিনি বলেন, 'আমরা আশা করেছিলাম সরকার দ্রুত এই সমস্যার যৌক্তিক সমাধানে পৌঁছাবে। কারণ, দ্রব্যমূল্যের উর্ধ্বগতির এই সময়ে স্বল্প বেতনে শ্রমিকদের পক্ষে জীবন ধারণ করা সত্যিই অসম্ভব। উভয় পক্ষের সাথে আলোচনা করে অবিলম্বে বেতন কাঠামো পুনর্বিন্যাস করা প্রয়োজন ছিল।'

তিনি আরও বলেন, 'এটা ঠিক যে শিল্প বাঁচলে দেশ বাঁচবে, কিন্তু এটাও সমভাবে সত্য যে শ্রমিক বাঁচলে শিল্প বাঁচবে। শ্রমিকদের ন্যায্য পাওনা নিশ্চিত করতে সরকারকে কালক্ষেপণ না করে দ্রুত সিদ্ধান্ত নিতে হবে। সিদ্ধান্ত নিতে যত দেরি হবে, ক্ষতির পরিমাণ ততই বাড়বে।'

অস্থিরতার সুযোগ নিয়ে কোনো তৃতীয় পক্ষ বা সুযোগসন্ধানীরা যেন ফায়দা লুটতে না পারে, সেজন্য সরকার ও সংশ্লিষ্ট সব পক্ষকে সর্বোচ্চ সতর্কতা ও আন্তরিকতা প্রদর্শনের আহ্বান জানান জামায়াত আমির।

একই সঙ্গে শ্রমিক ভাই-বোনদের নিজেদের প্রতিষ্ঠান রক্ষায় সচেতন থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, 'আমরা আপনাদের ন্যায্য অধিকারের পক্ষে আছি, তবে নিজেদের প্রতিষ্ঠানকে অক্ষত রাখুন। কারণ শিল্প বেঁচে থাকলেই আপনারাও বেঁচে থাকবেন।' পাশাপাশি কারখানা মালিকদের উদ্দেশে তিনি শ্রমিকদের পরিবারের সদস্য হিসেবে বিবেচনা করে মানবিক দৃষ্টিকোণ থেকে সিদ্ধান্ত গ্রহণের অনুরোধ জানান।

চাঁদপুরে আলুর বাজারে

আলুর বাজারে ধারাবাহিক দরপতন, অন্যদিকে ক্রেতার সংকট-দুইয়ের চাপে দিশেহারা হয়ে পড়েছেন আলু উৎপাদনকারী কৃষক ও ব্যবসায়ীরা। ইতোমধ্যে নতুন মৌসুমে আলু রোপণের প্রস্তুতি শুরু হয়েছে। অথচ আগের মৌসুমের আলুই এখনো হিমাগারে পড়ে থাকায় নতুন করে আলু চাষে বিনিয়োগ নিয়েও অনিশ্চয়তা তৈরি হয়েছে।

বাতাপুকুরিয়া মনার্ক কোল্ড স্টোরেজ লিমিটেডের এজেন্ট ও স্থানীয় কৃষক মো. নুরু মিয়া, ইব্রাহিম হোসেন, জাহাঙ্গীর পাটোয়ারী, মহসিন পাটোয়ারী, মনির হোসেন ও নবীর হোসেনসহ একাধিক কৃষক জানান, গত বছর আলুর বাজার ভালো থাকায় এবারও ভালো লাভের আশায় হিমাগারে আলু সংরক্ষণ করেছিলেন তারা। কিন্তু এবার বাজারের চিত্র সম্পূর্ণ ভিন্ন।

আলু সংরক্ষণের জন্য হিমাগার ভাড়া প্রায় দ্বিগুণ হওয়ায় উৎপাদন ও সংরক্ষণ ব্যয় অনেক বেড়েছে। এর ওপর বাজারে আলুর ন্যায্য দাম না থাকায় তারা চরম দুশ্চিন্তায় রয়েছেন। তারা বলেন, আলু উৎপাদন, পরিবহন ও হিমাগারে সংরক্ষণ করতে গিয়ে যে পরিমাণ অর্থ বিনিয়োগ করতে হয়েছে, বর্তমান বাজারদরে সেই খরচও উঠছে না। অনেক কৃষক ঋণ ও ধারদেনা করে আলু চাষ করেছেন। এখন আলু বিক্রি করতে না পারলে আগামী মৌসুমে চাষাবাদ চালিয়ে যাওয়াও কঠিন হয়ে পড়বে। স্থানীয় আলু ব্যবসায়ী মোস্তাফা কামাল, আলমগীর হোসেন ও বিল্লাল হোসেনসহ কয়েকজন ব্যবসায়ী জানান, মোকামে আলুর চাহিদা কম থাকায় তারা কাঙ্ক্ষিত পরিমাণ আলু বিক্রি করতে পারছেন না। প্রতি কেজি আলু ২৬ থেকে ২৭ টাকা দরে কিনে হিমাগারে সংরক্ষণ করলেও বর্তমানে তা ১০ থেকে ১১ টাকা কেজি দরে বিক্রির প্রস্তাব পাচ্ছেন। তাও পর্যাপ্ত ক্রেতা পাওয়া যাচ্ছে না। ফলে প্রতি কেজিতে ১৫ থেকে ১৬ টাকা পর্যন্ত লোকসানের আশঙ্কা তৈরি হয়েছে। লাখ লাখ টাকা বিনিয়োগ করে এখন অনেক ব্যবসায়ীর পথে বসার উপক্রম হয়েছে। ব্যবসায়ীরা আরও জানান, বিভিন্ন খাবারের দোকান, রেস্তোরাঁ ও শিক্ষা প্রতিষ্ঠানে আলুর চাহিদা কমে যাওয়ায় বাজারে এর নেতিবাচক প্রভাব পড়েছে।

অন্যদিকে মোকামে পর্যাপ্ত ক্রেতা না থাকায় হিমাগার থেকে আলু বের করে বাজারজাত করাও কঠিন হয়ে পড়েছে। সংরক্ষণ খরচ, শ্রমিকের মজুরি, পরিবহন ব্যয় ও অন্যান্য খরচ যোগ করলে বর্তমান বিক্রয়মূল্যে লোকসানের পরিমাণ আরও বাড়ছে। এ অবস্থায় কৃষি মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় ও সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করেছেন কৃষক ও ব্যবসায়ীরা। তারা বলেন, বিশ্বের বিভিন্ন দেশে আলুর চাহিদা রয়েছে। তাই সংশ্লিষ্ট দেশগুলোর সঙ্গে বাণিজ্যিক চুক্তির মাধ্যমে আলু রপ্তানির উদ্যোগ নেওয়া হলে দেশের বাজারে অতিরিক্ত সরবরাহের চাপ কমবে এবং আলুর ন্যায্য মূল্য ফিরে আসতে পারে। পাশাপাশি কৃষকদের উৎপাদিত আলু সংরক্ষণ ও বাজারজাতকরণে কার্যকর সরকারি উদ্যোগ গ্রহণের দাবি জানান তারা।

বাতাপুকুরিয়া মনার্ক কোল্ড স্টোরেজ লিমিটেডের ব্যবস্থাপক কাজী মিজানুর রহমান বলেন, হিমাগারে সংরক্ষিত আলুর ন্যায্য মূল্য না পাওয়ায় কৃষক ও ব্যবসায়ীরা চরম বিপাকে রয়েছেন। হিমাগারের আওতাধীন কৃষক ও ব্যবসায়ীদের আনুপাতিক হারে ঋণ দেওয়া হলেও বর্তমান পরিস্থিতিতে সেই ঋণের টাকা আদায় করা কঠিন হয়ে পড়েছে।

হিমাগারে এখনো বিপুল পরিমাণ আলু পড়ে রয়েছে। বাজারে চাহিদা ও দাম না বাড়লে কৃষক, ব্যবসায়ী এবং হিমাগার কর্তৃপক্ষ–সব পক্ষকেই বড় ধরনের আর্থিক ক্ষতির মুখে পড়তে হবে।

একই ধরনের পরিস্থিতির কথা জানিয়েছেন গুলবাহার হিমাগারের ব্যবস্থাপক এস এম শওকত হোসেন। তিনি বলেন, তাদের দুটি হিমাগারেও এখনো উল্লেখযোগ্য পরিমাণ আলু সংরক্ষিত রয়েছে। নতুন আলু রোপণের মৌসুম শুরু হতে আর বেশি সময় বাকি নেই। এর মধ্যে সংরক্ষিত আলু বিক্রি কিংবা অন্য কোনো কার্যকর ব্যবস্থা গ্রহণ করা না গেলে কৃষকদের পাশাপাশি হিমাগারের মালিকপক্ষকেও বড় ধরনের লোকসান গুনতে হবে। কচুয়া উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. তপু আহমেদ বলেন, গত কয়েক বছর কচুয়ায় আলুর ফলন ভালো হওয়ার পাশাপাশি বাজারদরও সন্তোষজনক ছিল। এ কারণে চলতি মৌসুমে কৃষক ও ব্যবসায়ীরা অধিক পরিমাণ আলু হিমাগারে সংরক্ষণ করেছেন। তবে বর্তমানে হিমাগারগুলোতে উল্লেখযোগ্য পরিমাণ আলু অবিক্রীত রয়েছে। আলুর বাজারদর বাড়লে কৃষকরা উপকৃত হবেন।

নির্বাচনে পরাজয়: কাউকে

অপেক্ষা করছিল। ভোটারদের সমর্থন হারিয়ে দলটি উল্লেখযোগ্য পরাজয়ের মুখে পড়ে। সিএনএনের পূর্বাভাস অনুযায়ী, ডেমোক্র্যাটরা সিনেট ও প্রতিনিধি পরিষদ–উভয় কক্ষের নিয়ন্ত্রণ নিতে চলেছে।

নির্বাচনে রিপাবলিকান প্রার্থীদের ব্যর্থতার কারণ জানতে চাইলে ট্রাম্প বলেন, ভোটাররা বেশিরভাগ ক্ষেত্রেই প্রার্থীদের পছন্দ করেননি। তাঁর ভাষায়, 'তারা বেশিরভাগ ক্ষেত্রে প্রার্থীদের পছন্দ করেনি। কেবল এই ধরনের একটি বিষয়।'

কোন প্রার্থীরা প্রত্যাশা অনুযায়ী শক্তিশালী ছিলেন না–এমন প্রশ্নের জবাবে ট্রাম্প কাউকে সরাসরি দায়ী করতে অস্বীকৃতি জানান।

তিনি বলেন, 'আমি কাউকে দোষ দিতে চাই না। আমি শুধু বলতে চাই, এটি একটি খুব আকর্ষণীয় সময় ছিল। আমি অত্যন্ত আগ্রহের সঙ্গে সবকিছু পর্যবেক্ষণ করেছি এবং এ অভিজ্ঞতা থেকে শিখেছি।'

তবে ট্রাম্পের এই বক্তব্যের কয়েক ঘণ্টা আগেই হোয়াইট হাউসের এক কর্মকর্তা নির্বাচনে রিপাবলিকানদের ব্যর্থতার জন্য প্রার্থীদের যোগ্যতাকে দায়ী করেছিলেন। সিএনএনকে দেওয়া বক্তব্যে ওই কর্মকর্তা বলেন, 'প্রার্থীর মান গুরুত্বপূর্ণ।'

ওই কর্মকর্তার দাবি, অনেক ক্ষেত্রে প্রার্থীরা নিজেদের পক্ষে যতটা প্রচার চালিয়েছেন, তার চেয়ে বেশি প্রচার করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। অর্থাৎ, নির্বাচনী প্রচারে ট্রাম্পের সক্রিয় ভূমিকা থাকা সত্ত্বেও প্রার্থীরা ভোটারদের প্রত্যাশিত সমর্থন আদায় করতে পারেননি।

এদিকে নির্বাচনী ফলাফল নিয়ে মন্তব্যের পরপরই সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে টেক্সাসের গভর্নর গ্রেগ অ্যাবটের সমালোচনা করেন ট্রাম্প। তিনি দাবি করেন, রাজনৈতিক জীবনের শেষ ছয় মাসে অ্যাবট যদি 'রাইনো' হিসেবে পরিচিত অবস্থান না নিতেন, তাহলে তিনি নির্বাচনে পরাজিত হতেন না।

অন্যদিকে, নির্বাচনে রিপাবলিকানদের বিপর্যয়ের মধ্যেও প্রতিনিধি পরিষদের স্পিকার মাইক জনসনের নেতৃত্বের প্রশংসা করেছেন ট্রাম্প। তাঁর মতে, জনসন ভালো কাজ করেছেন।

রিপাবলিকান পার্টির নেতা হিসেবে মাইক জনসনের দায়িত্বে থাকা উচিত কি না–এমন প্রশ্নের জবাবে ট্রাম্প বলেন, সিদ্ধান্তটি জনসনকেই নিতে হবে। তবে তিনি জনসনকে একজন ভালো ব্যক্তি ও ভালো মানুষ হিসেবে উল্লেখ করেন।

নির্বাচনের ফলাফল নিয়ে ট্রাম্পের এসব মন্তব্য থেকে স্পষ্ট, রিপাবলিকানদের পরাজয়ের জন্য প্রার্থীদের গ্রহণযোগ্যতার ঘাটতিকেই তিনি অন্যতম কারণ হিসেবে দেখছেন। তবে দলের ব্যর্থতার দায় সরাসরি নিজের বা ঘনিষ্ঠ নেতাদের ওপর নিতে নারাজ মার্কিন প্রেসিডেন্ট।

নাসীরুদ্দীন পাটওয়ারীকে আইনি

সামাজিক যোগাযোগমাধ্যমে বক্তব্যটি প্রচারিত হয়। এতে পানিসম্পদমন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানির ব্যক্তিগত মর্যাদা ও সামাজিক সুনাম ক্ষুণ্ন হয়েছে বলে নোটিশে দাবি করা হয়েছে।

নোটিশে আরো উল্লেখ করা হয়, শহীদউদ্দীন চৌধুরী এ্যানি লক্ষ্মীপুর-৩ (সদর) আসনের সংসদ সদস্য এবং একজন পরিচ্ছন্ন রাজনীতিবিদ। তার সম্পর্কে এ ধরনের বক্তব্য দেয়া ১৮৬০ সালের দণ্ডবিধির ৪৯৯ ও ৫০০ ধারায় বর্ণিত মানহানির অপরাধের পর্যায়ে পড়ে বলে নোটিশে উল্লেখ করা হয়েছে।

Government of the People's Republic of Bangladesh
Local Government Engineering Department
Office of the Executive Engineer
District : Chandpur.
www.lged.gov.bd

Memo No. 46.02.1300.000.07.001.26-2096 Dated: 04/11/2026

e-Tender Notice Number: 20/2026-27

e-Tender is invited in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) for the procurement of following Tender ID & Schemes.

Tender ID No.	Name of Scheme	Tender Method	Document Selling Last Date & Time	Tender Openning Date
1366127	**Package No. LGED/GOBM/CDP/26-27/RW-06** Periodic Maintenance of Algi (North) U.P-Bangla bazar road via Gazir bazar from Ch 00m - Ch 2240m (Road ID 413473010) under Upazila: Haimchar, District: Chandpur	LTM	18-11-2026 4:00 PM	19-11-2026 1:00 PM
1366134	**Package No. LGED/GOBM/CDP/26-27/RW-14** Periodic Maintenance of Haimchar Upazila H/Q-Charbhairabi GC road (Via Bordar pool, Gondamara Madrasa,High school, Old Howladarbazar, Charbhanga H. School,Tamtam Bridge) from Ch 9000m - Ch 10825m (Road ID 413472005) under Upazila: Haimchar, District: Chandpur	LTM	18-11-2026 4:00 PM	19-11-2026 1:00 PM
1366140	**Package No. LGED/GOBM/CDP/26-27/RW-19** (A) Periodic Maintenance of Katakhali-Raipur RHD Road (Katakhali-Gondamar- Howlader Bazar road) from Ch 2670m - Ch 3825m (Road ID 413472001) (B) Periodic Maintenance of Algi (North) U.P Office-Katakhali G.C Road. from Ch 500m - Ch 1250m (Road ID 413473004) (C) Periodic Maintenance of Haimchar Upazila H/Q Madina Market to Faridgonj border Road via Kamlapur Patwary Bari Jame Mosque from Ch 00m - Ch 400m (Road ID 413475055) under Upazila: Haimchar, District: Chandpur	LTM	18-11-2026 4:00 PM	19-11-2026 1:00 PM

This is an online Tender, where only e-Tender will be accepted in the National e-GP portal and no offline/hard copies will be accepted. To submit e-Tender, registration in the National e-GP System Portal (http://www.eprocure.gov.bd) is required.

The fees for downloading the e-Tender Documents from the National e-GP System portal have to be deposited online through any registered Banks branchs. Further information and guidelines are available in the National e-GP System Portal and from e-GP helpdesk (helpdesk@eprocure.gov.bd) or Call Tel Phone: 0841-63375

(Md. Nuruzzaman)
Executive Engineer
LGED, Chandpur
(xen.chandpur@lged.gov.bd)
Phone: 0841-63375, 63826 (FAX)

মাদেকের বিষাক্ত ছোবল থেকে যুবসমাজ কে বাঁচাতে হবে

মোহাম্মদ ইলিয়াছ




বাংলাদেশে মাদকের বিস্তৃতি আজ ভয়াবহ রূপ লাভ করেছে। একটি দেশের বর্তমান আর ভবিষ্যতের সম্ভাবনা ধ্বংস করে ফেলে মাদক। মাদকের মরণ ছোবলে আক্রান্ত তরুণ ও যুবসমাজ বিপর্যয়ের মুখে। মাদকাসক্তের সংখ্যা বিবেচনায় বাংলাদেশের অবস্থান বিশ্বের সব দেশের মধ্যে সপ্তম। ১৮ কোটি মানুষের দেশ বাংলাদেশে এখন মাদকসেবীর সংখ্যা ৭০ লাখ। বর্তমান সমাজে মাদক জন্ম দিচ্ছে একের পর এক অপরাধ।

মাদকের ছোঁয়ায় সম্ভাবনাময় তারুণ্যশক্তি অধঃপতনের চরম শিখরে উপনীত হচ্ছে। মাদকদ্রব্যের প্রতি আসক্তি সারা বিশ্বের তারুণ্যের মধ্যে এক ভয়াবহ মহামারি রূপে দেখা দিয়েছে। সম্প্রতি দেশে মাদক সেবনের ফলে সাতজন মাদকসেবী মৃত্যুবরণ করেছেন বলে গণমাধ্যমে এসেছে। মাদক এখন সহজলভ্য। শহর-নগর, গ্রামসহ মফস্বল এলাকায়ও হাত বাড়ালেই পাওয়া যায়। আশির দশকের শেষ দিকে ফেনসিডিলের আবির্ভাব হয়। পর্যায়ক্রমে এটার ব্যাপক বিস্তৃতি ঘটে। নব্বইয়ের দশকে মাদকের জগতে সংযোজন হয় ইয়াবা। এ ছাড়া গাঁজা, আফিম, চরশ, বাংলা মদ, গুল, মরফিন, কোকেন, বিয়ার, ওয়াইন, হেরোইন, প্যাথেলিন, মারিজুয়ানা, ডেক্রপরটেন, প্যাথেডিন কোকেন, ইকসটামি, এল এস ডি, ইলিকসার চোলাই মদসহ রকমারি মাদকের সঙ্গে তরুণদের সংশ্লিষ্টতা বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশে মাদক হিসেবে ব্যবহারের শীর্ষে রয়েছে ইয়াবা নামের এক ধরনের উত্তেজক ট্যাবলেট। এ ছাড়া হেরোইন, গাঁজা এবং ফেনসিডিলের ব্যবহারও উল্লেখযোগ্য। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের হিসাব অনুযায়ী, ২০১০ সালে বাংলাদেশে মাদকসেবীর সংখ্যা ছিল ৪৬ লাখ, বর্তমানে তা বেড়ে হয়েছে ৭০ লাখ। তাদের মধ্যে ৭০ ভাগের বয়সই ১৫ থেকে ৩০ বছরের মধ্যে। পরিসংখ্যান বলছে, মাদক সেবনের কারণে বিশ্বে প্রতি বছর ৮০ লাখ মানুষ এবং বাংলাদেশে প্রতি বছর গড়ে দেড় লাখ মাদকসেবী মারা যাচ্ছে। বাস্তবে এই সংখ্যা আরো অনেক বেশি। একজন মাদকাসক্ত সন্তানের কারণে একটি পরিবার ধ্বংস হয়ে যাচ্ছে। মাদকাসক্ত সন্তানকে নিয়ে পরিবারগুলো দিশাহারা হয়ে পড়ছে। এমনকি মাদক গ্রাম পর্যন্ত বিস্তার লাভ করেছে। ইদানীং শিশু-কিশোরদের মধ্যে নানা ধরনের মাদক সেবনের প্রবণতা বাড়ছে। পথশিশুরাও আজ ড্যান্ডি নামক ভয়াবহ নেশায় আসক্ত হচ্ছে। সমাজসেবা অধিদপ্তরের এক গবেষণায় দেখা যায়, শহর, গ্রাম থেকে নিয়ে স্কুল-কলেজ এবং ভার্সিটির শিক্ষার্থীরাও মাদকাসক্ত। নামিদামি অনেক কলেজ-ইউনিভার্সিটিগুলোতেও চলছে মাদকের রমরমা বাণিজ্য। প্রতিনিয়িত বসছে নেশার আড্ডা। অনেকে নেশার টাকা জোগাড় করতে নেমে পড়ছে অপরাধ জগতে। আবার কোনো কোনো ভার্সিটির ছাত্রীরা মাদকের টাকা সংগ্রহের জন্য ঘৃণিত দেহব্যবসায় জড়িয়ে পড়ছেন। মাদকের চাহিদা মেটাতে তরুণ-তরুণীরা ক্রমেই অপরাধপ্রবণ হয়ে উঠছেন। অনেক শিক্ষার্থী নেশার মোহে সম্ভাবনাময় জীবনকে অনিশ্চয়তার মধ্যে ঠেলে দিচ্ছেন। আজ পরিস্থিতি এমন পর্যায়ে চলে এসেছে যে, মরণনেশা মাদকের ছোবলে দেশ ও জাতির আশা-ভরসাস্থল তারুণ্যশক্তি অন্ধকারের অতল গহব্বরে তলিয়ে যাচ্ছে। চলার পথে ঘোর আঁধার নেমে আসছে। মাদকের ভয়াবহতা শুধু সামাজিক, পারিবারিক ও আর্থিক জীবনকে ধ্বংস করে তা নয়, মাদকসেবীর জীবনকে ধ্বংস করে বিভিন্নভাবে। কিডনি, লিভার, ফুসফুস নষ্ট করে দেওয়া, রক্তচাপ বাড়ানো ও সন্তান জন্ম দেওয়ার ক্ষমতাকেও নষ্ট করে। মাদকাসক্তির পেছনে বহু কারণের মধ্যে সামাজিক মূল্যবোধের অবক্ষয়, ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক অস্থিরতা, দারিদ্র্যতার কশাঘাত, বেকারত্বের নৈরাশ্য এবং মাদকদ্রব্যের সহজলভ্যতাই মূল। মাদকের এই ভয়াবহ ছোবল থেকে দেশের তরুণ ও যুবসমাজকে বাঁচাতে প্রয়োজন মাদকের বিরুদ্ধে ব্যাপক আন্দোলন ও সচেতনতামূলক প্রচারণা আজ খুব জরুরি হয়ে পড়েছে। পাশাপাশি মাদকের মূল গডফাদার থেকে শুরু করে এর বিক্রেতা, পাচারকারী, সরবরাহকারী ও ব্যবহারকারী সবার বিরুদ্ধে যথাযথ শাস্তি নিশ্চিত করাও আবশ্যক। মাদকসেবন শুধু ব্যক্তির সম্ভাবনাময় জীবনকেই ধ্বংস করে না, তা পরিবার, সমাজ তথা সমগ্রজাতিকেই গ্রাস করে নিতে চায়। সর্বস্তরে সর্বাত্মক মাদক সর্বরাহ এক গভীর চক্রান্ত। সআমাদের জীবনের সঙ্গে ওতপ্রোত ভাবে মিশে গিয়েছে কয়েকটি শব্দ। শব্দগুলো হলো নিঃসঙ্গতা, হতাশা, একাকিত্ব। ঠিক এই সুযোগেই গোপন দুষ্টচক্র সক্রিয় হয়ে যুবসমাজের হাতে তুলে দিচ্ছে ড্রাগ।

ব্যর্থতা, দুঃখ-বেদনা, বিষণ্ণতা, মানসিক চাপ জীবনকে করে তোলে অবসাদগ্রস্ত। সুতরাং এর মূলোৎপাটন করতে হলে প্রয়োজন ব্যাপক পরিসরে সামাজিক আন্দোলন। মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবসে আমাদের একমাত্র প্রত্যাশা সুস্থ ও সুন্দর মানব সম্পদ গড়ে তোলা। তাই দেশের প্রতিটি পরিবারের উচিৎ হবে মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অনুসরণ করা।থথথথলেখক :মোহাম্মদ ইলিয়াছ







নীরবতা নয়, প্রতিবাদ চাই; প্রতিহিংসা নয়, ন্যায়বিচার

সুধীর বরণ মাঝি

কান পাতলে আজকাল আর বাতাসের সুরের ছন্দ শোনা যায় না; শোনা যায় ধর্ষণ, বলাৎকার, নারী ও শিশুর প্রতি যৌন সহিংসতা এবং নির্যাতনের খবর। চোখ মেললে প্রকৃতির নয়নাভিরাম সৌন্দর্যের পাশাপাশি চোখে পড়ে কিশোর গ্যাং, মব সন্ত্রাস, ঘুষ-দুর্নীতি, লুটপাট, খুন, অপহরণ, জমি দখল, ছিনতাই, খাদ্যে ভেজাল, ব্যবসায়িক সিন্ডিকেটের দৌরাত্ম্য এবং নানা ষড়যন্ত্রের অভিযোগ। এসব ঘটনা মানুষের স্বাভাবিক জীবনযাপন, সামাজিক স্থিতিশীলতা ও নিরাপত্তাবোধকে প্রশ্নের মুখে ঠেলে দিচ্ছে। পরিবারগুলো নিজেদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন, অভিভাবকেরা সন্তানদের ভবিষ্যৎ নিয়ে শঙ্কিত। মানুষের মনে আজ স্বাভাবিকভাবেই প্রশ্ন জাগে–আমরা কি এমন একটি সমাজ চেয়েছিলাম?

সমস্যাটি কেবল বিচ্ছিন্ন কিছু অপরাধের মধ্যে সীমাবদ্ধ নয়; এর সঙ্গে জড়িয়ে আছে সামাজিক মূল্যবোধের অবক্ষয়, ক্ষমতার অপব্যবহার, বিচারহীনতার আশঙ্কা এবং আইনের কার্যকর প্রয়োগের প্রশ্ন। অপরাধ সংঘটনের পর সাময়িক উত্তেজনা সৃষ্টি হলেও সময়ের সঙ্গে অনেক ঘটনা মানুষের স্মৃতি থেকে হারিয়ে যায়। কিন্তু ভুক্তভোগী ও তাঁর পরিবারের জীবনে সেই ক্ষত থেকে যায় দীর্ঘদিন। তাই অপরাধের বিরুদ্ধে প্রতিবাদের পাশাপাশি অপরাধ প্রতিরোধ, নিরপেক্ষ তদন্ত ও ন্যায়বিচার নিশ্চিত করা জরুরি। বিশেষ উদ্বেগের বিষয় নারী ও শিশুর প্রতি সহিংসতা। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ও জাতিসংঘ জনসংখ্যা তহবিলের (ইউএনএফপিএ) ২০২৪ সালের জাতীয় নারী নির্যাতন জরিপে দেখা যায়, বাংলাদেশের প্রেক্ষাপট বিবেচনায় নেওয়া সংজ্ঞা অনুসারে, ৭৬ শতাংশ নারী জীবনের কোনো না কোনো সময়ে স্বামী বা সাবেক স্বামীর দ্বারা শারীরিক, যৌন, মানসিক, অর্থনৈতিক নির্যাতন কিংবা নিয়ন্ত্রণমূলক আচরণের শিকার হয়েছেন। জরিপে অংশ নেওয়া নারীদের ৪৯ শতাংশ আগের ১২ মাসে এ ধরনের অভিজ্ঞতার কথা জানিয়েছেন। জরিপটি ২৭ হাজার ৪৭৬ জন নারীর সাক্ষাৎকারের ভিত্তিতে পরিচালিত হয়।

এই পরিসংখ্যান দাম্পত্য সম্পর্কের মধ্যে সংঘটিত সহিংসতার চিত্র তুলে ধরে; এটি ধর্ষণ বা সব ধরনের যৌন অপরাধের পরিসংখ্যান নয়। তবু এর মধ্য দিয়ে বোঝা যায়, নারীর নিরাপত্তার প্রশ্নটি শুধু রাস্তাঘাট বা জনপরিসরে সীমাবদ্ধ নয়–অনেক ক্ষেত্রে ঘরের ভেতরেও সহিংসতা ঘটে। জরিপ অনুযায়ী, নির্যাতনের শিকার নারীদের ৬২ শতাংশ তাঁদের অভিজ্ঞতার কথা কাউকে জানাননি। সামাজিক অপবাদ, ভয়, পারিবারিক চাপ ও ন্যায়বিচার পাওয়ার অনিশ্চয়তা অনেক ভুক্তভোগীকে নীরব থাকতে বাধ্য করে। সংবাদপত্রভিত্তিক পর্যবেক্ষণেও উদ্বেগজনক চিত্র পাওয়া যায়। বাংলাদেশ মহিলা পরিষদের প্রকাশিত হিসাব অনুযায়ী, ২০২৪ সালে নারী ও শিশু নির্যাতনের ২ হাজার ৫২৫টি ঘটনার বিপরীতে ২০২৫ সালে ২ হাজার ৮০৮টি ঘটনা নথিভুক্ত হয়েছে। অর্থাৎ নথিভুক্ত ঘটনার সংখ্যা বেড়েছে প্রায় ১১ দশমিক ২ শতাংশ। তবে এই হিসাব ১৪টি জাতীয় দৈনিকে প্রকাশিত খবরের ভিত্তিতে তৈরি; ফলে এটি দেশে সংঘটিত সব ঘটনার পূর্ণাঙ্গ গণনা নয়।

ধর্ষণ ও বলাৎকার কেবল ব্যক্তির ওপর সংঘটিত অপরাধ নয়; এগুলো মানুষের মর্যাদা, স্বাধীনতা ও নিরাপত্তার ওপর নির্মম আঘাত। বিশেষ করে শিশুদের প্রতি যৌন নির্যাতন তাদের স্বাভাবিক বিকাশ, মানসিক সুস্থতা ও ভবিষ্যৎকে বিপন্ন করতে পারে। তাই এসব অপরাধ প্রতিরোধে পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান, সমাজ ও রাষ্ট্রকে সমন্বিতভাবে কাজ করতে হবে। এ ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন হলো–অপরাধের শিকার মানুষ কি নির্ভয়ে বিচার চাইতে পারেন? অভিযোগ জানানোর পর তাঁর নিরাপত্তা নিশ্চিত হয় কি? তদন্তে প্রভাব খাটানোর সুযোগ বন্ধ করা যায় কি? অপরাধ প্রমাণিত হলে যথাসময়ে আইন অনুযায়ী শাস্তি নিশ্চিত হয় কি? এসব প্রশ্নের উত্তর শুধু বক্তব্য বা প্রতিশ্রুতিতে পাওয়া যাবে না; পাওয়া যাবে কার্যকর প্রতিষ্ঠান, স্বচ্ছ তদন্ত, জবাবদিহি ও ন্যায়সংগত বিচারপ্রক্রিয়ার মাধ্যমে। দুর্নীতি যখন প্রশাসনিক সেবা, ব্যবসা-বাণিজ্য কিংবা দৈনন্দিন নাগরিক জীবনে বাধা সৃষ্টি করে, তখন ক্ষতিগ্রস্ত হন সাধারণ মানুষ। ঘুষ, চাঁদাবাজি, দখলদারত্ব ও সিন্ডিকেটের দৌরাত্ম্যের অভিযোগ যথাযথভাবে তদন্ত করে ব্যবস্থা না নিলে রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের প্রতি মানুষের অনাস্থা বাড়তে পারে। একইভাবে কিশোর গ্যাং ও মব সন্ত্রাসের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা না থাকলে ভয় ও প্রতিশোধের সংস্কৃতি বিস্তারের আশঙ্কা তৈরি হয়। কোনো অভিযোগের ভিত্তিতে কাউকে আগেভাগে অপরাধী ঘোষণা করা যেমন অনুচিত, তেমনি প্রভাবশালীর পরিচয়ে অপরাধের অভিযোগ উপেক্ষা করাও গ্রহণযোগ্য নয়।

সম্প্রতি পিরোজপুরে বীর মুক্তিযোদ্ধা মানিক পশারীর মরদেহ দাফন ও রাষ্ট্রীয় সম্মান প্রদান নিয়ে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে, তা আমাদের গভীরভাবে ভাবিয়ে তোলে। ৮৭ বছর বয়সী এই মুক্তিযোদ্ধা ২৪ অক্টোবর ২০২৬ সকালে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় মেয়ের জামাতার বাড়িতে মারা যান। সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, তাঁর মরদেহ পিরোজপুর সদর উপজেলা পরিষদ চত্বরে নেওয়ার পর গার্ড অব অনার প্রদান ও নিজ এলাকায় দাফন নিয়ে বাধার অভিযোগ ওঠে। পরিবারের দাবি, বাড়িতে কবর খননের পর সেটি মাটি দিয়ে ভরাট করে দেওয়া হয়েছিল। মৃত্যুর প্রায় ১৭ ঘণ্টা পর ২৫ অক্টোবর দিবাগত রাতে পুলিশ ও প্রশাসনের উপস্থিতিতে পরিবারের নারী সদস্যরা আবার কবর খনন করে চিতলিয়া গ্রামের পারিবারিক কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন ঘটনাটির দায় নির্ধারণে নিরপেক্ষ তদন্ত জরুরি।একজন মৃত ব্যক্তির মর্যাদা, পরিবারের মানবিক অধিকার এবং রাষ্ট্রের দায়িত্ব নিশ্চিত করা। মুক্তিযোদ্ধার রাষ্ট্রীয় সম্মান ও দাফন নিয়ে এমন অনিশ্চয়তা তৈরি হওয়া উচিত নয়, যাতে শোকাহত পরিবারকে রাতের অন্ধকারে নিরাপত্তার মধ্যে কবর খনন করতে হয়। মুক্তিযোদ্ধার মর্যাদা রক্ষা, মৃত ব্যক্তির প্রতি সম্মান এবং পরিবারের নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্র ও সমাজের নৈতিক দায়িত্ব। মুক্তিযুদ্ধের চেতনা শুধু আনুষ্ঠানিক বক্তব্যে কিংবা বিশেষ দিবসের আয়োজনে সীমাবদ্ধ থাকতে পারে না; মানুষের মর্যাদা, আইনের শাসন, সহনশীলতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠার মধ্য দিয়েই সেই চেতনার বাস্তব প্রতিফলন ঘটতে হবে।

অপরাধ প্রতিরোধে স্থানীয় পর্যায়ে কার্যকর নজরদারি, আইন প্রয়োগকারী সংস্থার জবাবদিহি, ভুক্তভোগী ও সাক্ষীর নিরাপত্তা, দ্রুত ও নিরপেক্ষ তদন্ত এবং বিচারপ্রক্রিয়ার দীর্ঘসূত্রতা কমানোর উদ্যোগ নিতে হবে। নারী ও শিশুর প্রতি সহিংসতার অভিযোগ গুরুত্বের সঙ্গে গ্রহণ করতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধ, শিশু সুরক্ষা এবং মানবিক মূল্যবোধের চর্চা জোরদার করতে হবে। পরিবারকেও শিশুদের নিরাপত্তা, ব্যক্তিগত সীমারেখা সম্পর্কে সচেতনতা এবং বিপদের মুখে বিশ্বস্ত ব্যক্তির সাহায্য নেওয়ার বিষয়ে দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে। একই সঙ্গে মনে রাখতে হবে, রাষ্ট্রীয় কঠোরতা মানে যথেচ্ছ ক্ষমতার প্রয়োগ নয়। অপরাধ নিয়ন্ত্রণের নামে নিরপরাধ কাউকে হয়রানি করা, আইন নিজের হাতে তুলে নেওয়া কিংবা জনতার বিচারের মাধ্যমে কাউকে শাস্তি দেওয়া আইনের শাসনের পরিপন্থী। অভিযোগ উঠলে তদন্ত করতে হবে, প্রমাণের ভিত্তিতে বিচার করতে হবে এবং দোষী সাব্যস্ত হলে আইন অনুযায়ী শাস্তি নিশ্চিত করতে হবে। অপরাধীর রাজনৈতিক, সামাজিক বা অর্থনৈতিক পরিচয় যেন বিচারপ্রক্রিয়ায় কোনো প্রভাব ফেলতে না পারে।

অন্যায়ের ঘটনা দেখেও নীরব থাকা, ভুক্তভোগীকে দোষারোপ করা কিংবা অপরাধীর পরিচয় বিবেচনায় নিয়ে প্রতিবাদের মাত্রা নির্ধারণ করা সামাজিক প্রতিরোধকে দুর্বল করে। তবে প্রতিবাদ হতে হবে দায়িত্বশীল, তথ্যনির্ভর ও শান্তিপূর্ণ। গুজব ছড়ানো, যাচাই না করা অভিযোগ প্রচার কিংবা প্রতিশোধমূলক আচরণ ন্যায়বিচার প্রতিষ্ঠার পথকে বাধাগ্রস্ত করতে পারে। ভুক্তভোগীর পরিচয় ও ব্যক্তিগত গোপনীয়তা রক্ষা করাও আমাদের নৈতিক দায়িত্ব। যারা অপরাধের পক্ষে অবস্থান নিয়ে উসকানিমূলক বক্তব্য দেন, অপপ্রচার চালান কিংবা উগ্রতা ছড়ান, তাঁদের ক্ষেত্রেও আইনসম্মত ব্যবস্থা নেওয়া প্রয়োজন। তবে বক্তব্য বা কর্মকাণ্ডের প্রকৃতি, প্রমাণ এবং প্রযোজ্য আইন বিবেচনা করেই ব্যবস্থা নিতে হবে। রাষ্ট্র ও জনগণের নিরাপত্তার স্বার্থে অপরাধে উসকানি বা সহিংসতা ছড়ানোর অভিযোগ নিরপেক্ষভাবে তদন্ত করা এবং আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া জরুরি। পাশাপাশি সুস্থ ধারার সাহিত্য-সংস্কৃতি ও খেলাধুলার ব্যাপক প্রসার ঘটাতে হবে। বিশেষ করে তরুণদের জন্য শিক্ষাপ্রতিষ্ঠান ও স্থানীয় পর্যায়ে সৃজনশীল কর্মকাণ্ড, খেলাধুলা এবং সামাজিক অংশগ্রহণের সুযোগ বাড়ানো প্রয়োজন। তবে এসব উদ্যোগ আইন প্রয়োগ, জবাবদিহি ও ন্যায়বিচারের বিকল্প নয়; বরং একটি মানবিক ও নিরাপদ সমাজ গঠনের সহায়ক উপাদান।

দল-মত, ধর্ম-বর্ণ ও সামাজিক পরিচয়ের উর্ধ্বে উঠে সম্মিলিতভাবে বলার–নারী ও শিশুর নিরাপত্তা নিশ্চিত করতে হবে; ধর্ষণ ও যৌন সহিংসতার বিরুদ্ধে কার্যকর প্রতিরোধ গড়ে তুলতে হবে; দুর্নীতি, চাঁদাবাজি, কিশোর গ্যাং ও মব সন্ত্রাসের বিরুদ্ধে আইনসম্মত ব্যবস্থা নিতে হবে; মুক্তিযোদ্ধাদের মর্যাদা রক্ষা করতে হবে; আর অপরাধীর পরিচয় নয়, অপরাধের প্রমাণ ও আইনের ভিত্তিতে বিচার নিশ্চিত করতে হবে। আওয়াজ তুলুন, গর্জে উঠুন–তবে সেই প্রতিবাদ হোক শান্তিপূর্ণ, যুক্তিনির্ভর ও ন্যায়বিচারের পক্ষে। নীরবতা অপরাধীর সাহস বাড়াতে পারে, আর সম্মিলিত সচেতনতা অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে পারে। রাষ্ট্রকে জবাবদিহির আওতায় আনতে হবে, প্রতিষ্ঠানগুলোকে দায়িত্বশীল হতে হবে এবং নাগরিকদেরও মানবিক মূল্যবোধের চর্চা করতে হবে।

আমরা এমন একটি বাংলাদেশ চাই, যেখানে নারী নিরাপদে চলাফেরা করতে পারবেন, শিশু নির্ভয়ে বেড়ে উঠবে, পরিবার নিশ্চিন্তে জীবনযাপন করবে, মুক্তিযোদ্ধারা যথাযথ সম্মান পাবেন এবং কোনো অপরাধী ক্ষমতা কিংবা প্রভাবের কারণে আইনের উর্ধ্বে থাকার সুযোগ পাবে না। ভয় নয়–সাহস; নীরবতা নয়–প্রতিবাদ; প্রতিহিংসা নয়–ন্যায়বিচার; বিভেদ নয়–মানবিক ঐক্য–এই হোক আমাদের অঙ্গীকার। নিরাপদ বাংলাদেশ চাই। ন্যায়বিচার প্রতিষ্ঠিত হোক। অন্যায়ের বিরুদ্ধে আজই রুখে দাঁড়াই।

-শিক্ষক
হাইমচর সরকারি মহাবিদ্যালয়, হাইমচর, চাঁদপুর।

ফরিদগঞ্জে গভীর রাতে

নিরাপত্তাহীনতায় ভুগছি। এ বিষয়ে প্রশাসনের সহযোগিতা চাই।"

?তিনি আরও বলেন, যে পরিত্যক্ত ঘরটিতে আগুন লেগেছে, সেখানে কোনো রান্নাবান্নার কাজ হতো না। এমনকি ঘরটিতে বিদ্যুতের সংযোগও নেই। তাই তাঁর মতে, স্বাভাবিক কোনো দুর্ঘটনা থেকে আগুন লাগার আশঙ্কা নেই। তিনি দাবি করেন, একটি মিথ্যা মামলায় কারাভোগের পর তাঁর বাড়িতে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছিল। পুরোনো বিরোধের জেরে কেউ পরিকল্পিতভাবে রাতের আঁধারে তাঁর বসতবাড়িতে আগুন দেয়ার চেষ্টা করেছে বলে তিনি সন্দেহ করছেন।

?একজন স্থানীয় বাসিন্দা বলেন, "রাতে চিৎকার শুনে আমি ঘটনাস্থলে আসি। এসে দেখি, আগুন লাগার স্থান থেকে দু'জন লোক দৌড়ে পালিয়ে যাচ্ছে। তবে রাতের অন্ধকারে আমার কাছে ভালো লাইট না থাকায় তাদের চেহারা দেখতে পারিনি।"

?বাচ্চু মৃধার বোন বলেন, "আমার ভাইয়ের ওপর বিভিন্নভাবে অত্যাচার করা হচ্ছে। আমার ভাই এখন নিরাপত্তাহীনতায় ভুগছেন। প্রশাসনের উচিত আমার ভাইয়ের পাশে দাঁড়ানো এবং তার নিরাপত্তা নিশ্চিত করা।"

?জানা যায়, এর আগে বাচ্চু মৃধার বাড়িতে হামলা ও ভাঙচুরের ঘটনায় আদালতে একটি মামলা চলমান রয়েছে। ওই মামলা বিচারাধীন থাকায় নতুন করে অগ্নিকাণ্ডের ঘটনায় কোনো মামলা বা লিখিত অভিযোগ দায়ের করেননি বলে জানিয়েছেন বাচ্চু মৃধা।

?উল্লেখ্য, সম্প্রতি গাব্দেরগাঁও আব্দুল রহমান মৃধা জামে মসজিদে তালা দেয়া এবং মুয়াজ্জিনকে মারধরের ঘটনাকে কেন্দ্র করে বাচ্চু মৃধাকে নিয়ে এলাকায় আলোচনা-সমালোচনা চলছে। এরই মধ্যে তার বসতবাড়ির পাশে পরিত্যক্ত ঘরে গভীর রাতে আগুনের ঘটনা নতুন করে উদ্বেগ সৃষ্টি করেছে।

?তবে আগুনের সূত্রপাত কীভাবে হয়েছে, এটি দুর্ঘটনা নাকি পরিকল্পিতভাবে আগুন লাগানো হয়েছে এবং প্রত্যক্ষদর্শীর দাবি করা দুই ব্যক্তি কারা এসব বিষয় এখনো নিশ্চিত হওয়া যায়নি। ঘটনার প্রকৃত কারণ উদ্ঘাটনে যথাযথ তদন্তের দাবি জানিয়েছেন বাচ্চু মৃধা ও তার স্বজনরা।

কচুয়ায় উদ্যোক্তা আলোচনা

কচুয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আজিজুল ইসলাম আকাশ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন কচুয়া প্রেসক্লাবের সভাপতি সাংবাদিক আতাউল করিম, মেসার্স জননী এগ্রো ফার্মের পরিচালক মো. মনজুর হোসেন, গ্রামীণ সৌর বিদ্যুতের ডিভিশনাল ম্যানেজার মোহাম্মদ হুসাইন জাকির, বিসমিল্লাহ পোল্ট্রি খামারের পরিচালক মো. ফারুক হোসেনসহ অন্যান্য অতিথিরা। বক্তারা বলেন, একজন উদ্যোক্তা শুধু নিজের স্বাবলম্বী হওয়ার পথ তৈরি করেন না, বরং তিনি একজন অর্থনৈতিক যোদ্ধা হিসেবে সমাজে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখেন। নানা প্রতিকূলতা মোকাবিলা করে উদ্যোক্তারা নিজেদের প্রতিষ্ঠিত করার পাশাপাশি অন্যদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেন। বেকারত্ব দূরীকরণ ও অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে উদ্যোক্তা তৈরির বিকল্প নেই।

তরুণ সমাজকে চাকরির পেছনে না ছুটে নিজেদের দক্ষতা, যোগ্যতা ও সৃজনশীলতাকে কাজে লাগিয়ে উদ্যোক্তা হওয়ার আহ্বান জানান বক্তারা। পাশাপাশি উদ্যোক্তাদের উন্নয়নে পারস্পরিক সহযোগিতা ও সম্মিলিত প্রচেষ্টার ওপর গুরুত্বারোপ করেন তারা।

সভায় উদ্যোক্তারা নিজেদের পরিচিতি, ব্যবসায়িক অভিজ্ঞতা, ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ও সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরেন। এ ধরনের আয়োজন উদ্যোক্তাদের মধ্যে পারস্পরিক যোগাযোগ, অভিজ্ঞতা বিনিময় ও নতুন উদ্যোগ গ্রহণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন অতিথিরা।

অনুষ্ঠান পরিচালনা ও সার্বিক সহযোগিতা করেন সাংবাদিক মো. আনোয়ার হোসেন রাজ। উপস্থাপনা করেন করইয়া উত্তরপাড়া জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা মাজহারুল ইসলাম। অনুষ্ঠানের আয়োজন করেন কচুয়ার উদ্যোক্তারা।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে প্রধান অতিথির হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন অতিথিরা। ব্যতিক্রমী এ আয়োজনের জন্য আয়োজকদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান উপস্থিত অতিথিরা।

হাম উপসর্গে আরো ৬

হাজার ৩২৫। এই সময়ে এক হাজার ২০৬ শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে এক হাজার ১৪২ শিশু।

স্বাস্থ্য অধিদফতরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা দুই লাখ ৩৪ হাজার ১৪৮, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ২৪ হাজার ১৫০। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট দুই লাখ আট হাজার ৬৩৪ রোগী, যাদের মধ্যে এক লাখ ৯৯ হাজার ৮৯৪ জন ছাড়পত্র পেয়ে ইতোমধ্যে বাড়ি ফিরেছে।

শাহরাস্তির সূচিপাড়ায়

ও সমস্যার কথা সরাসরি সহকারী কমিশনার (ভূমি)-এর কাছে তুলে ধরার সুযোগ পান।

ভূমিসেবা কার্যক্রমকে আরও সহজ, স্বচ্ছ ও জনবান্ধব করে প্রান্তিক পর্যায়ে পৌঁছে দিতে পর্যায়ক্রমে উপজেলার সকল ইউনিয়ন ভূমি অফিসে এ ধরনের ভ্রাম্যমাণ ভূমিসেবা ক্যাম্প ও গণশুনানির আয়োজন করা হবে।

এ সময় সাধারণ মানুষকে ভূমিসেবা গ্রহণের ক্ষেত্রে কোনো দালাল বা মধ্যস্বত্বভোগীর শরণাপন্ন না হয়ে সরাসরি সহকারী কমিশনার (ভূমি) সামছুজ্জামানের সঙ্গে যোগাযোগ করার আহ্বান জানানো হয়।

চাঁদপুরে প্রতিবন্ধী ও দরিদ্র

কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক খাদিজা আক্তার, জান্নাত, সাদিয়া আক্তার প্রমুখ।

এ ধরনের মানবিক উদ্যোগের মাধ্যমে প্রতিবন্ধী ও অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম এগিয়ে নেওয়ার পাশাপাশি তাদের স্বপ্নপূরণে উৎসাহ জোগাবে বলে সংশ্লিষ্টরা আশাবাদ ব্যক্ত করেন।

শুরু হচ্ছে নতুন কুঁড়ি

পাবেন এক লাখ টাকা। তিনটি গ্রুপে মোট নয়জন বিজয়ীকে পুরস্কৃত করা হবে। এ ছাড়া বিভাগীয় ও জেলা পর্যায়েও বিভিন্ন পুরস্কারের ব্যবস্থা রাখা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়,প্রতিযোগিতায় অংশ নিতে আগ্রহীদের দু'কপি পাসপোর্ট সাইজের ছবি এবং জন্মনিবন্ধন সনদ অথবা জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ সাদা কাগজে আবেদন করতে হবে। আবেদন জমা দিতে হবে ইসলামিক ফাউন্ডেশনের সংশ্লিষ্ট জেলা বা উপজেলা কার্যালয়ে।

ইসলামিক ফাউন্ডেশন জানিয়েছে, নভেম্বর মাসজুড়ে নাম নিবন্ধন করা যাবে। ১ ডিসেম্বর থেকে উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা শুরু হওয়ার কথা রয়েছে।

এরপর আগামি বছরের জানুয়ারিতে জেলা পর্যায়ে এবং মার্চে বিভাগ পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এপ্রিলে জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। একই শিক্ষাপ্রতিষ্ঠান থেকে প্রতিটি গ্রুপে সর্বোচ্চ পাঁচজন প্রতিযোগী অংশ নিতে পারবেন।

ইব্রাহিমপুরে সুরক্ষা

ফাউন্ডেশন'–এই স্লোগানকে সামনে রেখে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে বিভিন্ন ধরনের স্বাস্থ্য ও শিক্ষা সামগ্রী তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুরক্ষা ফাউন্ডেশনের চেয়ারম্যান মনির হোসেন সজীব, চাঁদপুর জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. হাসেম খান, স্থানীয় ইউপি সদস্য ও বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মো. আতিকুল ইসলাম আতিক।

এ সময় আরও উপস্থিত ছিলেন সুরক্ষা ফাউন্ডেশনের অর্থ সচিব আবদুল মান্নান তালুকদার, সাংগঠনিক সচিব মো. মনির হোসাইন, বিদ্যালয়ের অন্যান্য শিক্ষক এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। এ ধরনের উদ্যোগ শিক্ষার্থীদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি এবং শিক্ষা কার্যক্রমে উৎসাহ জোগানোর পাশাপাশি একটি সুস্থ, সচেতন ও শিক্ষিত প্রজন্ম গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

মিরপুরের পরিস্থিতি

পুলিশের অবস্থান রয়েছে। একই সঙ্গে মিরপুর-১২ নম্বর এলাকায় সতর্ক অবস্থানে রয়েছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। এদিকে বুধবার সকাল থেকে মিরপুর এলাকায় দুই দফায় বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মিছিল করতে দেখা যায়। মিছিল থেকে 'শ্রমিক-জনতা ভাই ভাই, আওয়ামী লীগের রক্ষা নাই', 'আপা আপা করিস না, তোদের আপা ফিরবে না'সহ বিভিন্ন স্লোগান দেন তারা। জানা গেছে, এর আগে সকাল ৯টার দিকে পল্লবী ইন্ডাস্ট্রিয়াল এলাকার বিভিন্ন কারখানার সামনে শ্রমিকরা জড়ো হওয়ার চেষ্টা করলে পুলিশ তাদের সরিয়ে দেয়। একই সময়ে রূপনগরের শিয়ালবাড়ী এলাকায় শ্রমিকরা সড়কে নামার চেষ্টা করলে তাদের সরিয়ে দেওয়া হয়। এ বিষয়ে মিরপুর বিভাগের উপকমিশনার (ডিসি) হাসান মোহাম্মদ নাছের রিকাবদার বলেন, সকাল থেকে মিরপুর-১১ নম্বর ও শিয়ালবাড়ী এলাকায় কয়েকবার শ্রমিকরা রাস্তায় নামার চেষ্টা করেছিলেন। আমরা তাদের বুঝিয়ে সরিয়ে দিয়েছি। এদিকে আন্দোলন ঘিরে মিরপুরের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ১০ হাজারের বেশি পুলিশ সদস্য মোতায়েন করা হয়েছে বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) যুগ্ম পুলিশ কমিশনার (ভারপ্রাপ্ত) ক্রাইম প্রিভেনশন উত্তর মো. মহিদুল ইসলাম।

মিরপুর-১০ নম্বর গোলচত্বর এলাকায় উপস্থিত হয়ে মহিদুল ইসলাম বলেন, মিরপুরের বিভিন্ন এলাকায় ব্যাপক পুলিশ মোতায়েন রয়েছে। মিরপুর-১, পল্লবীর বিভিন্ন এলাকা, রূপনগর, মিরপুর-১২ ও কাফরুল রোডসহ গুরুত্বপূর্ণ স্থানে পুলিশ সদস্যরা দায়িত্ব পালন করছেন। সব মিলিয়ে ১০ হাজারের বেশি পুলিশ ফোর্স মোতায়েন রয়েছে।

আন্দোলনের নামে যারা দেশকে অস্থিতিশীল করা, জনদুর্ভোগ সৃষ্টি, সড়ক অবরোধ, গাড়ি ভাঙচুর এবং রাষ্ট্রীয় সম্পদ নষ্ট করার চেষ্টা করছে, তাদের বিরুদ্ধে আইনগত সব ব্যবস্থা নেওয়া হচ্ছে জানিয়ে তিনি বলেন, এসব কর্মকাণ্ডে জড়িত অনেককে গ্রেপ্তার করা হয়েছে। তাদের বিরুদ্ধে মামলা হয়েছে। তদন্তে যাদের বিরুদ্ধে সাক্ষ্যপ্রমাণ পাওয়া যাবে, তাদের সবাইকে আইনের আওতায় আনা হবে। অপরাধীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

মিরপুরের সার্বিক পরিস্থিতি তুলে ধরে মহিদুল ইসলাম বলেন, বুধবার শ্রমিকদের সড়কে নামার সুযোগ হয়নি। পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। অনেক পোশাক কারখানার শ্রমিক কাজে ফিরে গেছেন এবং কারখানাগুলোতে কাজ চলছে। আশা করি, শ্রমিকরা কাজে ফিরে গিয়ে স্বাভাবিক উৎপাদন কার্যক্রম চালিয়ে যাবেন।

পুলিশের পাশাপাশি অভিযানে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি), আর্মড পুলিশ ব্যাটালিয়ন (এপিবিএন), ডিএমপির গোয়েন্দা বিভাগ (ডিবি), কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) এবং অন্যান্য গোয়েন্দা সংস্থা কাজ করছে জানিয়ে মহিদুল ইসলাম বলেন, সব ইউনিটের মধ্যে সমন্বয় রয়েছে। সমন্বিতভাবে কাজ করে যারা আইনশৃঙ্খলার অবনতি ও জনদুর্ভোগ সৃষ্টির চেষ্টা করেছে, তাদের প্রতিহত করা হয়েছে।

আন্দোলনের নামে সহিংসতাকারীদের সতর্ক করে মহিদুল ইসলাম বলেন, জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা এবং রাষ্ট্রীয় সম্পদ রক্ষা করা পুলিশের দায়িত্ব। আন্দোলনের নামে অন্তর্ঘাতমূলক কর্মকাণ্ড, কারখানায় আগুন দেওয়া ও গাড়ি ভাঙচুরের ঘটনায় যারা জড়িত, তাদের আইনের আওতায় আনা হবে।

তিনি বলেন, শ্রমিকদের বেতন বৃদ্ধির দাবির বিষয়ে শ্রমিক মজুরি বোর্ড গঠন করা হয়েছে। তাদের সুযোগ-সুবিধা বাড়ানোর বিষয়েও কাজ চলছে। প্রকৃত শ্রমিকরা ধ্বংসাত্মক কর্মকাণ্ডে জড়িত নন। শ্রমিকদের উসকানি দিয়ে যারা এসব অপরাধ করাচ্ছে, তাদের উদ্দেশ্য দেশকে অস্থিতিশীল করা এবং গার্মেন্টস খাতকে ক্ষতিগ্রস্ত করা।

অপরাধীরা যত শক্তিশালীই হোক বা যত ষড়যন্ত্রই করুক, তাদের আইনের আওতায় আনা হবে। কেউ যাতে জনগণের জানমালের নিরাপত্তা বিঘ্নিত করতে না পারে, সে জন্য পুলিশ সতর্ক রয়েছে বলেও জানান এই কর্মকর্তা।

ডিসেম্বর-জানুয়ারিতে ছয়টি

জানিয়েছেন, আগামী জানুয়ারি পর্যন্ত সময়ে বঙ্গোপসাগরে দুই থেকে চারটি লঘুচাপ সৃষ্টি হতে পারে। এর মধ্যে এক থেকে দুটি লঘুচাপ ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে। এ সময় দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় বেশি থাকতে পারে। এ ছাড়া শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও এবং নদ-নদীর অববাহিকায় মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে। অন্য এলাকায় হালকা থেকে মাঝারি ধরনের কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। ঘন কুয়াশার কারণে দিন ও রাতের তাপমাত্রার পার্থক্য কমে আসতে পারে। এতে শীতের অনুভূতি বাড়তে পারে।

অন্যদিকে, এ সময়ে দেশে চার থেকে ছয়টি মৃদু থেকে মাঝারি ধরনের শৈত্যপ্রবাহ বয়ে যেতে পারে। এর মধ্যে দুই থেকে তিনটি তীব্র শৈত্যপ্রবাহে রূপ নিতে পারে।

আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী, মৃদু শৈত্যপ্রবাহের ক্ষেত্রে তাপমাত্রা ৮ থেকে ১০ ডিগ্রি সেলসিয়াস, মাঝারি শৈত্যপ্রবাহে ৬ থেকে ৮ ডিগ্রি সেলসিয়াস এবং তীব্র শৈত্যপ্রবাহে ৪ থেকে ৬ ডিগ্রি সেলসিয়াসে নেমে আসতে পারে।

এইচএসসি পরীক্ষায়

বাংলাদেশে বর্তমানে এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হলে এক বছর পর পরের বছর পরীক্ষায় বসতে হয়।

এবারই প্রথমবারের মতো এক মাসের মধ্যে সর্বোচ্চ দুই বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা আবার এসব বিষয়ে পরীক্ষা দিতে পারবেন।

গত ১ নভেম্বর উত্তরপত্র পুনর্মূল্যায়নের আবেদন শুরু হয়েছে। ৭ নভেম্বর পর্যন্ত এই আবেদন করা যাবে।

দক্ষিণ এশিয়ায় ৩৭তম

গবেষণার বৈশ্বিক প্রভাবের ক্ষেত্রে ডিআইইউর অগ্রগতির প্রতিফলন ঘটেছে এসব অর্জনে।

ড্যাফোডিল স্মার্ট সিটিতে অবস্'িত বিশ্ববিদ্যালয়টির স্মার্ট ও পরিবেশবান্ধব ক্যাম্পাস থেকে ডিআইইউ আধুনিক গবেষণা, প্রযুক্তিনির্ভর শিক্ষা এবং আন্–র্জাতিক সহযোগিতা সম্প্রসারণে কাজ করে যা"ছে। উদ্ভাবনী শিক্ষাব্যবস্'া, গবেষণার নতুন দিগন্ত উন্মোচন এবং বৈশ্বিক একাডেমিক নেটওয়ার্কের সঙ্গে সম্পৃক্ততার মাধ্যমে বাংলাদেশের উ"চশিক্ষার আন্তর্জাতিক অবস্'ানকে আরও সমৃদ্ধ করতে বিশ্ববিদ্যালয়টি প্রতিশ্রুতিবদ্ধ। এই অর্জনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ডিআইইউর শিক্ষক, ভিজিটিং ফ্যাকাল্টি ও স্কলার, গবেষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী, অ্যালামনাই, নিয়োগকারী প্রতিষ্ঠান, এবং আন্তর্জাতিক একাডেমিক অংশীদারদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছে। তাঁদের সম্মিলিত প্রচেষ্টা, নিষ্ঠা ও অভিন্ন লক্ষ্যই বিশ্ববিদ্যালয়টির এই সাফল্য অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি শিক্ষা, গবেষণা, উদ্ভাবন ও আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে বৈশ্বিক উ"চশিক্ষা অঙ্গনে নিজেদের অবস্'ান আরও শক্তিশালী করতে নিরলসভাবে কাজ করে যা"ছে। কিউএস এশিয়া ইউনিভার্সিটি র‍্যাঙ্কিংস ২০২৭-এ অর্জিত এই সাফল্য বাংলাদেশের উ"চশিক্ষার অগ্রযাত্রায় ডিআইইউর অবদানকে আরও এগিয়ে নেওয়ার পাশাপাশি আন্তর্জাতিক পরিমন্ডলে বিশ্ববিদ্যালয়টির পরিচিতি সম্প্রসারণে নতুন অনুপ্রেরণা জোগাবে।